

সূচিপত্র

অধ্যায়	বিষয়	পৃষ্ঠা
বাংলা ভাষা		
০১	বাংলা ভাষা ও ব্যাকরণ	০২
০২	ধ্বনিতত্ত্ব	০৫
০৩	শব্দতত্ত্ব / রূপতত্ত্ব	১৪
০৪	বাক্যতত্ত্ব	২৯
০৫	অর্থতত্ত্ব	৪০
বাংলা সাহিত্য		
০১	বাংলা সাহিত্যের প্রাচীন যুগ	৪৯
০২	বাংলা সাহিত্যের মধ্যযুগ	৫২
০৩	বাংলা সাহিত্যের আধুনিক যুগ পরিচিতি	৬২
০৪	বাংলা গদ্যের সূচনা	৬৩
০৫	গদ্যের সূচনাপর্বে সাময়িকপত্রের অবদান	৬৬
০৬	গদ্যের বিকাশ ও পশ্চিমা ধারার উন্মেষ	৭১
০৭	বাংলা সাহিত্যে রবীন্দ্রনাথের প্রভাব	৭৭
০৮	গীতিকবিতা, মহাকাব্য ও আঞ্চলিক বাংলা গান	৮৪
০৯	রবীন্দ্রোত্তর বাংলা সাহিত্যধারা	৮৭
১০	বাংলা উপন্যাসে আধুনিকতা	৯২
১১	বাংলা সাহিত্যে ইসলামি ভাবধারা	৯৫

অধ্যায়	বিষয়	পৃষ্ঠা
১২	বাংলাদেশের ঐতিহাসিক ঘটনাকেন্দ্রিক সাহিত্যকর্ম	১০১
১৩	বাংলাদেশের বিভিন্ন ধারার সাহিত্যকর্ম	১১০
১৪	মার্ক্সবাদী ধারার সাহিত্যকর্ম	১১৮
১৫	আধুনিক সাহিত্যে নারীদের অবদান	১২০
English Language		
০১	Parts of Speech	১২৩
০২	Phrases and Clauses	১৪৭
০৩	Corrections	১৫৭
০৪	Sentences and Transformation	১৭৩
০৫	Words and Compositions	১৮২
English Literature		
০১	Literary Terms	২০৮
০২	The Renaissance Period	২১০
০৩	The Neoclassical Period	২১৩
০৪	William Shakespeare	২১৬
০৫	The Romantic Period	২১৯
০৬	The Victorian Period	২২৩
০৭	The Modern Period	২২৮
০৮	The Post Modern Period	২৩৫

সূচিপত্র

অধ্যায়	বিষয়	পৃষ্ঠা
বাংলাদেশ বিষয়াবলি		
০১	বাংলাদেশের জাতীয় বিষয়াবলি	২৩৭
০২	বাংলাদেশের কৃষিজ সম্পদ	২৬০
০৩	বাংলাদেশের জনতত্ত্ব	২৬৬
০৪	বাংলাদেশের অর্থনীতি	২৭১
০৫	বাংলাদেশের শিল্প ও বাণিজ্য	২৭৫
০৬	বাংলাদেশের সংবিধান	২৮২
০৭	বাংলাদেশের রাজনৈতিক ব্যবস্থা	২৯০
০৮	বাংলাদেশের সরকার ব্যবস্থা	২৯২
০৯	বাংলাদেশ সম্পর্কিত অন্যান্য বিষয়াবলি	৩০০
আন্তর্জাতিক বিষয়াবলি		
০১	বৈশ্বিক ইতিহাস, আঞ্চলিক ও আন্তর্জাতিক ব্যবস্থা, ভূ-রাজনীতি	৩১৭
০২	আন্তর্জাতিক সংগঠনসমূহ এবং বৈশ্বিক অর্থনৈতিক প্রতিষ্ঠানাদি	৩৫০
০৩	আন্তর্জাতিক নিরাপত্তা ও আন্তঃরাষ্ট্রীয় ক্ষমতা সম্পর্ক	৩৭৪
০৪	আন্তর্জাতিক পরিবেশগত ইস্যু ও কূটনীতি	৩৮৫
০৫	বিবিধ বিষয়াবলি	৩৮৯
ভূগোল, পরিবেশ ও দুর্যোগ ব্যবস্থাপনা		
০১	বাংলাদেশ ও অঞ্চলভিত্তিক ভৌগোলিক অবস্থান, সীমানা, পারিবেশিক, আর্থ-সামাজিক ও ভূ-রাজনৈতিক গুরুত্ব	৩৯৭
০২	অঞ্চলভিত্তিক ভৌত পরিবেশ, সম্পদের বণ্টন ও গুরুত্ব	৪০৩

অধ্যায়	বিষয়	পৃষ্ঠা
০৩	বাংলাদেশের পরিবেশ: প্রকৃতি ও সম্পদ, প্রধান চ্যালেঞ্জসমূহ	৪০৬
০৪	বাংলাদেশ ও বৈশ্বিক পরিবেশ পরিবর্তন	৪১৬
০৫	প্রাকৃতিক দুর্যোগ ও ব্যবস্থাপনা	৪১৯
সাধারণ বিজ্ঞান		
০১	ভৌত রাশি ও পরিমাপ	৪২৪
০২	বল, কাজ ও শক্তি	৪২৭
০৩	তাপ ও তাপগতিবিদ্যা	৪৩০
০৪	আলো	৪৩৪
০৫	তরঙ্গ ও শব্দ	৪৩৯
০৬	স্থির ও চল তড়িৎ	৪৪১
০৭	সেমিকন্ডাক্টর, ইলেকট্রনিক্স ও চুম্বকত্ব	৪৪৫
০৮	আধুনিক পদার্থবিজ্ঞান	৪৪৭
০৯	পরমাণুর গঠন	৪৫১
১০	রাসায়নিক বিক্রিয়া ও তড়িৎ রসায়ন	৪৫৪
১১	এসিড, ক্ষার ও লবণ	৪৫৬
১২	অজৈব ও জৈব যৌগের রসায়ন	৪৫৯
১৩	জীব ও উদ্ভিদবিদ্যা	৪৬৪
১৪	মানব শারীরতত্ত্ব	৪৭০
১৫	খাদ্য ও পুষ্টি	৪৭৫
১৬	রোগ ও স্বাস্থ্য	৪৭৮
১৭	বায়ুমণ্ডল ও পানি	৪৮৩
১৮	আমাদের সম্পদ	৪৮৯

সূচিপত্র

অধ্যায়	বিষয়	পৃষ্ঠা
কম্পিউটার ও তথ্য প্রযুক্তি		
০১	কম্পিউটার	৪৯৩
০২	তথ্য প্রযুক্তি	৫০৬
গাণিতিক যুক্তি		
০১	বাস্তব সংখ্যা	৫১৮
০২	ল.সা.গু. ও গ.সা.গু.	৫২৪
০৩	শতকরা	৫২৮
০৪	ঐকিক নিয়ম	৫৩২
০৫	সরল ও যৌগিক মুনাফা	৫৩৭
০৬	অনুপাত ও সমানুপাত	৫৪০
০৭	লাভ ও ক্ষতি	৫৪৩
০৮	বীজগাণিতিক সূত্রাবলি	৫৪৭
০৯	বহুপদী উৎপাদক	৫৫৩
১০	সরল ও দ্বিপদী সমীকরণ	৫৫৪
১১	সরল ও দ্বিপদী অসমতা	৫৬০
১২	সরল সহ সমীকরণ	৫৬৩
১৩	সূচক ও লগারিদম	৫৬৪
১৪	অনুক্রম ও ধারা	৫৭০
১৫	রেখা, কোণ, ত্রিভুজ ও চতুর্ভুজ	৫৭৬
১৬	পিথাগোরাসের উপপাদ্য	৫৭৯
১৭	বৃত্ত সংক্রান্ত উপপাদ্য	৫৮১

অধ্যায়	বিষয়	পৃষ্ঠা
১৮	পরিমিতি (সরলক্ষেত্র)	৫৮৩
১৯	পরিমিতি (ঘনবস্তু)	৫৯৩
২০	ত্রিকোণমিতি	৫৯৫
২১	সেট	৫৯৭
২২	বিন্যাস ও সমাবেশ	৬০০
২৩	পরিসংখ্যান	৬০২
২৪	সম্ভাব্যতা	৬০৪
২৫	বিবিধ	৬০৬
মাতসিক দক্ষতা		
০১	ভাষাগত যৌক্তিক বিচার	৬১১
০২	সমস্যা সমাধান	৬২৪
০৩	বানান ও ভাষা দক্ষতা	৬২৯
০৪	যান্ত্রিক দক্ষতা	৬৩২
০৫	স্থানাক্ষ সম্পর্ক	৬৩৫
০৬	সংখ্যাগত দক্ষতা	৬৪০
নৈতিকতা, মূল্যবোধ ও সু-শাসন		
০১	নৈতিকতা (Morality)	৬৪৫
০২	মূল্যবোধ (Values)	৬৪৮
০৩	সুশাসন (Good Governance)	৬৫১
বিগত সালের (৫০ - ৪৪) বিসিএস প্রশ্ন		৬৫৮
উত্তরমালা		৭০৬

অধ্যায় ০২

আন্তর্জাতিক সংগঠনসমূহ এবং বৈশ্বিক অর্থনৈতিক প্রতিষ্ঠানাদি

২.১

জাতিপুঞ্জ ও জাতিসংঘ

০১. কোনটি জাতিসংঘের প্রতিষ্ঠান নয়? [৫০তম বিসিএস]

- (ক) ইউনিসেফ (খ) ইউনেস্কো
(গ) ডব্লিউটিও (ঘ) আইএলও

উত্তর: (গ) ডব্লিউটিও।

ব্যাখ্যা: WTO একটি স্বতন্ত্র আন্তর্জাতিক সংস্থা হিসেবে ১ জানুয়ারি, ১৯৯৫ সালে মারাকেশ চুক্তির মাধ্যমে প্রতিষ্ঠিত হয়। এর সদর দপ্তর সুইজারল্যান্ডের জেনেভায়। জাতিসংঘের কয়েকটি বিশেষায়িত সংস্থা হলো- UNESCO, WHO, IFAD, FAO ইত্যাদি ও জাতিসংঘের অন্যান্য সংস্থার মধ্যে রয়েছে UNICEF, UNDP, UNEP, IPCC ইত্যাদি।

০২. নিম্নোক্ত কোন দেশ বা অঞ্চল জাতিসংঘের সদস্য দেশ নয়?

[৪৯তম বিসিএস (শিক্ষা)]

- (ক) তিমুর লিস্তি (খ) দক্ষিণ সুদান
(গ) ওয়েস্টার্ন সাহারা (ঘ) সেন্ট্রাল আফ্রিকান রিপাবলিক

উত্তর: (গ) ওয়েস্টার্ন সাহারা।

ব্যাখ্যা: আফ্রিকা মহাদেশের উত্তর প্রান্তে আটলান্টিক মহাসাগরের তীর ঘেঁষে অবস্থিত স্বাধীনতাকামী অঞ্চল পশ্চিম সাহারা। এর অধিকাংশ এলাকা বর্তমানে মরক্কোর নিয়ন্ত্রণে। বর্তমানে পশ্চিম সাহারা নিয়ে মরক্কো এবং ‘পশ্চিম সাহারার স্বাধীনতাকামী সংগঠন ‘পোলিসারিও ফ্রন্ট’ এর গেরিলাদের মধ্যে সংঘাত বিদ্যমান রয়েছে।

০৩. বর্তমান বিশ্বের কতটি দেশ জাতিসংঘের সদস্য?

[৪৮তম বিসিএস (স্বাস্থ্য)]

- (ক) ১৮৩ (খ) ১৮৮
(গ) ১৯৩ (ঘ) ১৯৭

উত্তর: (গ) ১৯৩।

০৪. জাতিসংঘ কবে আনুষ্ঠানিকভাবে আত্মপ্রকাশ করে?

[৪৮তম বিসিএস (স্বাস্থ্য)]

- (ক) ২৪ অক্টোবর, ১৯৪৫ (খ) ২৮ নভেম্বর, ১৯৪৩
(গ) ২৮ জানুয়ারি, ১৯৪৩ (ঘ) ২৪ ডিসেম্বর, ১৯৪৫

উত্তর: (ক) ২৪ অক্টোবর, ১৯৪৫।

ব্যাখ্যা: বিশ্ব শান্তি প্রতিষ্ঠা, বিভিন্ন জাতি বা দেশের মধ্যে সম্প্রীতি স্থাপন, অর্থনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক সহযোগিতা ও জাতি, ধর্ম, বর্ণ নির্বিশেষ সবার স্বাধীনতা ও মৌলিক অধিকারের প্রতি সম্মান গড়ে তোলার লক্ষ্যে জাতিসংঘ প্রতিষ্ঠিত হয় ২৪ অক্টোবর, ১৯৪৫ সালে। প্রতিষ্ঠাকালীন সদস্য ছিল ৫১টি। বর্তমানে জাতিসংঘের মোট সদস্য ১৯৩টি (সর্বশেষ সদস্য দক্ষিণ সুদান)। বর্তমান জাতিসংঘের মহাসচিব অ্যান্টোনিও গুতেরেস।

০৫. ১৯৪৭ সালে প্যালেস্টাইনকে বিভাজনের পরিকল্পনা জাতিসংঘের কোন প্রস্তাবের মাধ্যমে গৃহীত হয়?

[৪৭তম বিসিএস]

- (ক) ১৮০ নং প্রস্তাব (খ) ১৮১ নং প্রস্তাব
(গ) ১৬০ নং প্রস্তাব (ঘ) ১৬১ নং প্রস্তাব

উত্তর: (খ) ১৮১ নং প্রস্তাব।

ব্যাখ্যা: ১৯৪৭ সালের ২৯ নভেম্বর জাতিসংঘের ১৮১ নং প্রস্তাবের মাধ্যমে সিদ্ধান্ত হয়েছিল যে নির্ধারিত অঞ্চল নিয়ে ১৯৪৮ সালের ১ আগস্টের পর ফিলিস্তিন ভূখণ্ডে যুক্তরাজ্যের ম্যান্ডেট শেষ হলে এক সময়ের ওসমানীয় সাম্রাজ্যের ফিলিস্তিন অঞ্চল ভাগ হয়ে ইহুদি রাষ্ট্র প্রতিষ্ঠিত হবে। এই প্রস্তাব ছিল দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর নবগঠিত জাতিসংঘের প্রথম বড় এবং ঐতিহাসিক সিদ্ধান্ত। উত্থাপিত প্রস্তাবে উপস্থিত রাষ্ট্রগুলোর মধ্যে ৩৩টি পক্ষে, ১৩টি বিপক্ষে এবং ১০টি দেশ ভোট দানে বিরত ছিল।

০৬. আন্তর্জাতিক আদালতের (International Court of Justice) সভাপতির মেয়াদ কত বৎসর? [৪৬তম বিসিএস]

- (ক) ২ বৎসর (খ) ৩ বৎসর
(গ) ৬ বৎসর (ঘ) ৯ বৎসর

উত্তর: (খ) ৩ বৎসর।

ব্যাখ্যা: জাতিসংঘের মূল অঙ্গসংস্থা ৬টি। ১. সাধারণ পরিষদ, ২. নিরাপত্তা পরিষদ, ৩. অর্থনৈতিক ও সামাজিক পরিষদ, ৪. আন্তর্জাতিক আদালত, ৫. অছি পরিষদ ও ৬. সচিবালয়। এর মধ্যে International Court of Justice (ICJ) বা আন্তর্জাতিক বিচারিক আদালত অন্যতম। এর বিচারক সংখ্যা ১৫ জন এবং বিচারকের মেয়াদকাল ৯ বছর। সভাপতির মেয়াদকাল ৩ বছর। এর সদর দপ্তর নেদারল্যান্ডসের হেগে অবস্থিত। এটি প্রতিষ্ঠিত হয় ১৯৪৫ সালে এবং ১৯৪৬ সালে কার্যক্রম শুরু করে। এর বর্তমান সভাপতি জাপানিজ আইনবিদ ইউজি ইওয়াসাওয়া। মার্চ ২০২৫ এ তার মেয়াদ শুরু হয়।



০৭. ২০২২ সালে কোন দেশ জাতিসংঘের শান্তি স্থাপন কমিশনের সভাপতি নির্বাচিত হয়? [৪৪তম বিসিএস]

- (ক) যুক্তরাষ্ট্র (খ) সুইজারল্যান্ড
(গ) বাংলাদেশ (ঘ) ভারত

উত্তর: (গ) বাংলাদেশ।

ব্যাখ্যা: ১ ফেব্রুয়ারি ২০২২ জাতিসংঘ শান্তি বিনির্মাণ বা Peacebuilding Commission (PBC)-এর সভাপতি নির্বাচিত হয় বাংলাদেশ। ২০ ডিসেম্বর, ২০০৫ জাতিসংঘ সাধারণ পরিষদ ও নিরাপত্তা পরিষদের যৌথ রেজ্যুলেশনের মাধ্যমে ৩১ সদস্য বিশিষ্ট কমিটি নিয়ে PBC গঠিত হয়। এছাড়া শান্তিরক্ষী প্রেরণকারী প্রথম পাঁচটি দেশ ও সর্বোচ্চ আর্থিক সাহায্যকারী পাঁচটি দেশের মোট ১০ জনও এ কমিশনের সদস্য। উল্লেখ্য, বর্তমানে সবচেয়ে বেশি শান্তিরক্ষী বাহিনী পাঠিয়ে থাকে নেপাল।

০৮. আন্তর্জাতিক আদালতের একজন বিচারক কয় বছরের জন্য নির্বাচিত হন? [৪৪তম বিসিএস]

- (ক) তিন বছর (খ) সাত বছর
(গ) চার বছর (ঘ) নয় বছর

উত্তর: (ঘ) নয় বছর।

০৯. জাতিসংঘের নিরাপত্তা পরিষদের অস্থায়ী সদস্য পদ কত সময়ের জন্য? [৪৪তম বিসিএস]

- (ক) ১ বছর (খ) ২ বছর
(গ) ৪ বছর (ঘ) ৫ বছর

উত্তর: (খ) ২ বছর।

ব্যাখ্যা: জাতিসংঘ সনদের ২৩ নং অনুচ্ছেদ অনুযায়ী নিরাপত্তা পরিষদ গঠিত। প্রতিষ্ঠাকালে স্থায়ী ৫টি এবং অস্থায়ী ৬টি মোট ১১টি সদস্য দেশ নিয়ে ১৯৪৬ সালে এটি গঠিত হয়। পরবর্তীতে ১৯৬৩ সালে নিরাপত্তা পরিষদের অস্থায়ী সদস্য ৬টি থেকে বাড়িয়ে ১০টি করা হয় যা কার্যকর হয় ১৯৬৫ সাল থেকে। অস্থায়ী সদস্যদের মেয়াদ ২ বছর। স্থায়ী সদস্যদেশ ৫টি (যুক্তরাষ্ট্র, রাশিয়া, চীন, ফ্রান্স ও যুক্তরাজ্য) যাকে Permanent-5 বা P5 বলা হয়। নিরাপত্তা পরিষদের যেকোনো প্রস্তাব পাসের জন্য ৫টি স্থায়ী দেশেরই সম্মতির প্রয়োজন হয়। বাংলাদেশ জাপানের সাথে প্রতিদ্বন্দ্বিতা করে ১৯৭৯-১৯৮০ সালে এবং ২০০০-২০০১ সালে মোট দুইবার নিরাপত্তা পরিষদের অস্থায়ী সদস্য নির্বাচিত হয়। সবচেয়ে বেশিবার (১২ বার) নির্বাচিত হয়েছে জাপান ও ব্রাজিল। জাতিসংঘের নিরাপত্তা পরিষদের সুপারিশক্রমে চূড়ান্তভাবে নতুন সদস্য গ্রহণ করা হয়।

১০. প্রথাগতভাবে বছরের কোন দিন জাতিসংঘ সাধারণ পরিষদের বার্ষিক অধিবেশন শুরু হয়? [৪৪তম বিসিএস]

- (ক) সেপ্টেম্বর মাসের প্রথম সোমবার
(খ) অক্টোবর মাসের প্রথম মঙ্গলবার
(গ) আগস্ট মাসের শেষ সোমবার
(ঘ) অক্টোবর মাসের প্রথম সোমবার

উত্তর: Blank.

ব্যাখ্যা: জাতিসংঘের মূল কার্যক্রম পরিচালনা করে সাধারণ পরিষদ। সাধারণ পরিষদ গঠিত হয় ১৯৪৬ সালে। এর সদর দপ্তর জেনেভা (সুইজারল্যান্ড)। সাধারণ পরিষদের সভাপতি ১ জন এবং সহ-সভাপতি ২১ জন। সাধারণ পরিষদের সভাপতির মেয়াদ ১ বছর। প্রত্যেক রাষ্ট্র সর্বোচ্চ ৫ জন করে সদস্য জাতিসংঘ সাধারণ পরিষদের অধিবেশনে পাঠাতে পারে তবে সদস্য রাষ্ট্র ভোট দিতে পারে ১টি করে। এর বর্তমান ৮০তম সভাপতি আনালেনা বেরারবক (প্রাক্তন জার্মান পররাষ্ট্রমন্ত্রী)। বাংলাদেশ থেকে প্রথম সভাপতি নির্বাচিত হয় ১৯৮৬ সালে হুমায়ুন রশীদ চৌধুরী। সাধারণ পরিষদকে নির্বাহী পরিষদ/আলোচনা/ Discussion Body বলা হয়। ২০ নং অনুচ্ছেদ অনুসারে প্রতিবছর সেপ্টেম্বর মাসের তৃতীয় মঙ্গলবার সাধারণ পরিষদের অধিবেশন বসে এবং চলে মধ্য ডিসেম্বর পর্যন্ত এবং দুই-তৃতীয়াংশ ভোটে প্রস্তাব গৃহীত হয়।

১১. জাতিসংঘ নামকরণ করেন- [৪১তম বিসিএস]

- (ক) রুজভেল্ট (খ) স্টালিন
(গ) চার্চিল (ঘ) দ্যা গল

উত্তর: (ক) রুজভেল্ট।

ব্যাখ্যা: জাতিসংঘের নামকরণ করেন সাবেক মার্কিন প্রেসিডেন্ট ফ্রাঙ্কলিন ডি রুজভেল্ট ওয়াশিংটন সম্মেলনে ১৯৪২ সালে। ১৯৪১ সালে লন্ডন ঘোষণার মাধ্যমে প্রাথমিক উদ্যোগ গৃহীত হয়। ১৯৪৫ সালের ২৬ শে জুন সানফ্রান্সিসকো সম্মেলনে ৫০টি দেশের প্রতিনিধিরা ১৯টি অধ্যায় এবং ১১১টি অনুচ্ছেদ সম্বলিত জাতিসংঘ সনদে স্বাক্ষর করে। পোল্যান্ড যুদ্ধে ব্যস্ত থাকার কারণে উক্ত সম্মেলনে উপস্থিত না থেকে পরে ১৫ অক্টোবর, ১৯৪৫ সালে সনদে স্বাক্ষর করে এবং ৫১ তম প্রতিষ্ঠাতা সদস্য হিসেবে অন্তর্ভুক্ত হয়। জাতিসংঘ ১৯৪৫ সালে আনুষ্ঠানিকভাবে যাত্রা শুরু করে। জাতিসংঘের বর্তমান সদস্য ১৯৩টি। জাতিসংঘের সদর দপ্তর ম্যানহাটন, নিউইয়র্ক এবং ইউরোপীয় সদর দপ্তর জেনেভা, সুইজারল্যান্ড। এর অফিশিয়াল ভাষা ৬টি (ইংরেজি, ফ্রেঞ্চ, চীন, স্প্যানিশ, রুশ ও আরবি)। এবং কার্যকরী ভাষা ২টি (ইংরেজি ও ফ্রেঞ্চ)। জাতিসংঘ দিবস ২৪ অক্টোবর।



১২. আন্তর্জাতিক বিচার আদালত রোহিঙ্গা গণহত্যা বিষয়ক অন্তর্বর্তীকালীন রায়ে মিয়ানমারকে কয়টি নির্দিষ্ট ব্যবস্থা গ্রহণের কথা বলেছে? [৪১তম বিসিএস]

(ক) ৩টি (খ) ২টি
(গ) ৫টি (ঘ) ৪টি

উত্তর: (ঘ) ৪টি।

ব্যাখ্যা: ১১ নভেম্বর, ২০১৯ আন্তর্জাতিক আদালতে মিয়ানমার কর্তৃক রোহিঙ্গা গণহত্যার অভিযোগে মামলা করে আফ্রিকার দেশ গাম্বিয়া। মামলার নেতৃত্ব দেন গাম্বিয়ার আইনমন্ত্রী ও অ্যাটর্নি জেনারেল আবু বকর মারি তাম্বাদু। মিয়ানমারের বিরুদ্ধে আন্তর্জাতিক বিচার আদালত চারটি অন্তর্বর্তীকালীন আদেশ প্রদান করে ২৩ জানুয়ারি ২০২০ সালে।

১৩. আন্তর্জাতিক আদালতে মিয়ানমার কর্তৃক রোহিঙ্গা গণহত্যার অভিযোগে মামলা করে কোন দেশ? [৪১তম বিসিএস]

(ক) নাইজেরিয়া (খ) গাম্বিয়া
(গ) বাংলাদেশ (ঘ) আলজেরিয়া

উত্তর: (খ) গাম্বিয়া।

১৪. জাতিসংঘ বিষয়ক আলোচনায় পি৫ (P5) বলতে কি বুঝায়? [৪০তম বিসিএস]

(ক) নিরাপত্তা পরিষদের পাঁচটি স্থায়ী সদস্য রাষ্ট্র
(খ) পাঁচটি পরমাণু শক্তিদ্বার রাষ্ট্র
(গ) পাঁচটি জাতিসংঘ সংস্থা
(ঘ) উপরের কোনটিই নয়

উত্তর: (ক) নিরাপত্তা পরিষদের পাঁচটি স্থায়ী সদস্য রাষ্ট্র।

১৫. ১৯৪৫ সালে প্রতিষ্ঠাকালীন সময়ে জাতিসংঘের মোট কতটি সদস্য রাষ্ট্র ছিল? [৩৯তম, ২১তম বিসিএস]

(ক) ৫০ (খ) ৫১
(গ) ৪৮ (ঘ) ৪৯

উত্তর: (খ) ৫১।

১৬. ১৯৯৫ সালটিকে কোন সংস্থাটির গোল্ডেন জুবিলি হিসেবে পালিত হচ্ছে? [৩৮তম বিসিএস]

(ক) UNO (খ) NAM
(গ) GATT (ঘ) ASEAN

উত্তর: (ক) UNO.

ব্যাখ্যা: ২৪ অক্টোবর, ১৯৪৫ সালে জাতিসংঘ যাত্রা শুরু করে। ৫০ বছর পূর্ণ করে এ সংস্থাটি ১৯৯৫ সালে গোল্ডেন জুবিলি দিবস পালন করে। উল্লেখ্য, GATT, NAM ও ASEAN যথাক্রমে ১৯৪৮, ১৯৬১, ১৯৬৭ সালে প্রতিষ্ঠিত হয়।

১৭. জাতিসংঘের স্থায়ী সদস্য: [৩৭তম বিসিএস]

(ক) জাপান, জার্মানি, ফ্রান্স, ব্রিটেন, কানাডা, যুক্তরাষ্ট্র
(খ) ফ্রান্স, রাশিয়া, যুক্তরাষ্ট্র, ব্রিটেন, চীন
(গ) যুক্তরাষ্ট্র, জার্মানি, ব্রিটেন, ব্রাজিল, চীন, নাইজেরিয়া
(ঘ) উত্তর কোরিয়া, পাকিস্তান, ভারত, ইসরাইল, চীন

উত্তর: (খ) ফ্রান্স, রাশিয়া, যুক্তরাষ্ট্র, ব্রিটেন, চীন।

১৮. প্রেসিডেন্ট উড্রো উইলসনের 14 points এর কত নম্বর point এ জাতিপুঞ্জের সৃষ্টির কথা উল্লেখ করা হয়েছে? [৩৬তম বিসিএস]

(ক) ৯ (খ) ১২
(গ) ১৩ (ঘ) ১৪

উত্তর: (ঘ) ১৪।

ব্যাখ্যা: জাতিসংঘের পূর্বসূরি সংগঠনের নাম League of Nations বা জাতিপুঞ্জ। সাবেক মার্কিন প্রেসিডেন্ট উড্রো উইলসন ৮ জানুয়ারি ১৯১৮ সালে মার্কিন কংগ্রেসে ১৪ দফা সম্মিলিত একটি ভাষণ প্রদান করেন। ঐ ১৪ দফা প্রস্তাবের ১৪নং দফাতে জাতিপুঞ্জ গঠনের কথা বলা হয়। এছাড়াও এই প্রস্তাবে ইতালির সীমান্ত পুনর্নির্ধারণ (৯নং), তুরস্কের সমস্যা সমাধান (১২নং) এবং স্বাধীন পোল্যান্ড প্রতিষ্ঠার (১৩নং) কথা বলা হয়।

১৯. Yalta Conference-এর একটি লক্ষ্য ছিল: [৩৬তম বিসিএস]

(ক) বিশ্বযুদ্ধের কারণ নির্ণয়
(খ) জি৮৮-এর প্রণালির সুরক্ষা
(গ) জাতিসংঘ প্রতিষ্ঠা
(ঘ) যুদ্ধে ক্ষতিগ্রস্তদের ক্ষতিপূরণ প্রদান

উত্তর: (গ) জাতিসংঘ প্রতিষ্ঠা।

ব্যাখ্যা: সাবেক সোভিয়েত ইউনিয়নের ক্রিমিয়াতে ১৯৪৫ সালের ৪-১১ ফেব্রুয়ারি মিত্র পক্ষের সম্মেলন অনুষ্ঠিত হয়। এ সম্মেলনকে ইয়াল্টা সম্মেলন বলে। যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ফ্রাঙ্কলিন ডি রুজভেল্ট, সোভিয়েত নেতা জোসেফ স্ট্যালিন এবং যুক্তরাজ্যের প্রধানমন্ত্রী উইনস্টন চার্চিল এই সম্মেলনে উপস্থিত ছিলেন। এটি জাতিসংঘ গঠনের পথে একটি গুরুত্বপূর্ণ সম্মেলন। এই সম্মেলনেই নিরাপত্তা পরিষদের বর্তমান ব্যবস্থাটি গ্রহণ করা হয়।

২০. জাতিসংঘ কোন বছর প্রতিষ্ঠিত হয়? [৩৬তম, ২১তম বিসিএস]

(ক) ১৯৪১ (খ) ১৯৪৫
(গ) ১৯৪৮ (ঘ) ১৯৪৯

উত্তর: (খ) ১৯৪৫।

২১. The International Court of Justice is located in- [৩৪তম বিসিএস]

(ক) New York (খ) London
(গ) Geneva (ঘ) Hague

উত্তর: (ঘ) Hague.

২২. জাতিসংঘের সদর দপ্তর কোথায় অবস্থিত? [২৯তম, ১৯তম বিসিএস]

(ক) লন্ডন (খ) নিউইয়র্ক
(গ) প্যারিস (ঘ) মস্কো

উত্তর: (খ) নিউইয়র্ক।

২৩. কোন পরিষদের সুপারিশক্রমে জাতিসংঘে নতুন সদস্য গ্রহণ করা হয়? [২৭তম বিসিএস]

(ক) অছি পরিষদ
(খ) সাধারণ পরিষদ
(গ) নিরাপত্তা পরিষদ
(ঘ) অর্থনৈতিক ও সামাজিক পরিষদ

উত্তর: (গ) নিরাপত্তা পরিষদ।



২৪. আটলান্টিক সনদে যুক্তরাষ্ট্র এবং ব্রিটিশের পক্ষে স্বাক্ষর করেন কে কে? [২৬তম বিসিএস]

- (ক) রোনাল্ড রিগ্যান ও মার্গারেট থেচার
(খ) জর্জ ডব্লিউ বুশ ও টনি ব্ল্যায়ার
(গ) জিমি কার্টার ও রানী দ্বিতীয় এলিজাবেথ
(ঘ) ফ্রাঙ্কলিন ডি রুজভেল্ট ও উইনস্টোন চার্চিল
উত্তর: (ঘ) ফ্রাঙ্কলিন ডি রুজভেল্ট ও উইনস্টোন চার্চিল।

ব্যাখ্যা: জাতিসংঘ গঠনের দ্বিতীয় পদক্ষেপ হলো আটলান্টিক সনদ। ৮ দফা সম্বলিত এই সনদে যুক্তরাষ্ট্রের পক্ষে মার্কিন প্রেসিডেন্ট ফ্রাঙ্কলিন ডি রুজভেল্ট এবং ব্রিটেনের পক্ষে প্রধানমন্ত্রী উইনস্টোন চার্চিল ব্রিটিশ রণতরির প্রিন্সেস অব ওয়েলস-এ ১৪ আগস্ট, ১৯৪১ সালে স্বাক্ষর করেন। ২৬টি দেশ এ সনদে সমর্থন দিয়েছিল। এ সনদকে জাতিসংঘ প্রতিষ্ঠার মেরুদণ্ড বলা হয়।

২৫. কফি আনান আফ্রিকা মহাদেশ থেকে নিয়োগকৃত জাতিসংঘের কততম মহাসচিব? [২৬তম বিসিএস]

- (ক) প্রথম (খ) তৃতীয়
(গ) দ্বিতীয় (ঘ) চতুর্থ
উত্তর: (গ) দ্বিতীয়।

ব্যাখ্যা: জাতিসংঘ সচিবালয়ের প্রধান নির্বাহী হলো মহাসচিব। মহাসচিবের মেয়াদকাল ৫ বছর। তার কাজ হলো প্রশাসনিক কার্যক্রম পরিচালনা করা। এ পর্যন্ত ৯জন মহাসচিব নির্বাচিত হয়েছেন। তারা হলেন-

নাম	পরিচিতি
১. ট্রিগভেলি (নরওয়ে)	জাতিসংঘের ১ম মহাসচিব এবং তিনি মহাসচিব পদ থেকে পদত্যাগ করেন।
২. দ্যাগ হ্যামারশোল্ড (সুইডেন)	শান্তিতে মরণোত্তর নোবেল পান। তিনি বিমান দুর্ঘটনায় মারা যান।
৩. উ-থান্ট (মিয়ানমার)	এশিয়া মহাদেশ থেকে নির্বাচিত ১ম মহাসচিব। মুক্তিযুদ্ধের সময় তিনি মহাসচিব ছিলেন।
৪. কুর্ট ওয়াল্ডহেইম (অস্ট্রিয়া)	বাংলাদেশ সফরকারী ১ম মহাসচিব
৫. হাভিয়ের পেরেজ দ্য কুয়েলার (পেরু)	
৬. বুট্রোস ঘালি (মিশর)	আফ্রিকা মহাদেশ থেকে নির্বাচিত ১ম মহাসচিব
৭. কফি আনান (ঘানা)	আফ্রিকা মহাদেশ থেকে নির্বাচিত ২য় মহাসচিব। ২০০১ সালে তিনি শান্তিতে নোবেল পান।
৮. বান কি মুন (দক্ষিণ কোরিয়া)	এশিয়া থেকে নির্বাচিত ২য় মহাসচিব
৯. অ্যান্টোনিও গুতেরেস (পর্তুগাল)	১ জানুয়ারি ২০১৭ ইউরোপ মহাদেশের পর্তুগালের সাবেক প্রধানমন্ত্রী অ্যান্টোনিও গুতেরেস জাতিসংঘের মহাসচিব হিসেবে দায়িত্ব গ্রহণ করেন। পরবর্তীতে তিনি ২৬ ফেব্রুয়ারি ২০২১ পুনরায় এই পদে দায়িত্ব গ্রহণ করেন।
বাংলাদেশ সফরকারী ৫ জন মহাসচিব	
১. কুর্ট ওয়াল্ডহেইম ২. হাভিয়ের পেরেজ দ্য কুয়েলার ৩. কফি আনান ৪. বান কি মুন ৫. অ্যান্টোনিও গুতেরেস।	

২৬. জাতিসংঘের প্রথম মহাসচিব কে ছিলেন?

[২৬তম, ১০তম বিসিএস]

- (ক) কুর্ট ওয়াল্ডহেইম (খ) পেরেজ দ্য কুয়েলার
(গ) ট্রিগভেলি (ঘ) উ থান্ট
উত্তর: (গ) ট্রিগভেলি।

২৭. বর্তমানে জাতিসংঘের মহাসচিব কোন দেশের নাগরিক?

[২৫তম বিসিএস]

- (ক) গিনি (খ) ঘানা
(গ) সেনেগাল (ঘ) মরক্কো
উত্তর: Blank.

ব্যাখ্যা: বর্তমানে জাতিসংঘের মহাসচিব অ্যান্টোনিও গুতেরেস পর্তুগালের নাগরিক।

২৮. জাতিসংঘ সনদ স্বাক্ষর সম্মেলনে উপস্থিত না থেকেও কোন রাষ্ট্র প্রতিষ্ঠাতা সদস্য হিসেবে পরিগণিত হয়?

[২৪তম বিসিএস (বাতিল)]

- (ক) হাঙ্গেরি (খ) জার্মানি
(গ) পোল্যান্ড (ঘ) ব্রিটেন
উত্তর: (গ) পোল্যান্ড।

২৯. সুইজারল্যান্ড আনুষ্ঠানিকভাবে কখন জাতিসংঘের সদস্য হয়?

[২৪তম বিসিএস (বাতিল)]

- (ক) ৩০ আগস্ট, ২০০২ (খ) ৭ সেপ্টেম্বর, ২০০২
(গ) ১০ সেপ্টেম্বর, ২০০২ (ঘ) ১৫ সেপ্টেম্বর, ২০০২
উত্তর: (গ) ১০ সেপ্টেম্বর, ২০০২।

৩০. জাতিসংঘের সাধারণ পরিষদের অধিবেশনে প্রতিটি সদস্যরাষ্ট্র সর্বোচ্চ কত জন প্রতিনিধি পাঠাতে পারে? [২৩তম বিসিএস]

- (ক) তিনজন (খ) চারজন
(গ) পাঁচজন (ঘ) ছয়জন
উত্তর: (গ) পাঁচজন।

৩১. জাতিসংঘের বর্তমান সদস্য সংখ্যা কত?

[২২তম, ১০তম বিসিএস]

- (ক) ১৯৫ (খ) ১৮৯
(গ) ১৭০ (ঘ) ১৭৫
উত্তর: Blank.

ব্যাখ্যা: জাতিসংঘের বর্তমান সদস্য সংখ্যা ১৯৩টি এবং সর্বশেষ সদস্য দক্ষিণ সুদান ১৪ জুলাই, ২০১১ সালে জাতিসংঘের সদস্যপদ লাভ করে। জাতিসংঘের পর্যবেক্ষক রাষ্ট্র ২টি (ভ্যাটিকান সিটি ও ফিলিস্তিন)।

৩২. জাতিসংঘের বর্তমান মহাসচিব কোন মহাদেশের?

[২০তম বিসিএস]

- (ক) এশিয়া (খ) আফ্রিকা
(গ) ইউরোপ (ঘ) দক্ষিণ আমেরিকা
উত্তর: (গ) ইউরোপ।

৩৩. জাতিসংঘের কোন মহাসচিব বিমান দুর্ঘটনায় মারা যান?

[১৮তম বিসিএস]

- (ক) ট্রিগভেলি (খ) কুর্ট ওয়াল্ডহেইম
(গ) দ্যাগ হ্যামারশোল্ড (ঘ) উ থান্ট
উত্তর: (গ) দ্যাগ হ্যামারশোল্ড।



৩৪. নিচের যে দেশটি জাতিসংঘের সদস্য নয়- [১৭তম বিসিএস]

- (ক) নামিবিয়া (খ) সুইজারল্যান্ড
(গ) কিউবা (ঘ) পানামা

উত্তর: Blank.

ব্যাখ্যা: উল্লিখিত ৪টি রাষ্ট্রই জাতিসংঘের সদস্য।

৩৫. নয়া আন্তর্জাতিক অর্থনৈতিক ব্যবস্থার প্রস্তাব জাতিসংঘের সাধারণ পরিষদের কোন বিশেষ অধিবেশন গৃহীত হয়?

[১৭তম বিসিএস]

- (ক) দ্বিতীয় (খ) তৃতীয়
(গ) পঞ্চম (ঘ) ষষ্ঠ

উত্তর: (ঘ) ষষ্ঠ।

ব্যাখ্যা: জাতিসংঘের সাধারণ পরিষদের ৬ষ্ঠ বিশেষ অধিবেশনে ১৯৭৪ সালে New International Economic Order (NIEO) বা নয়া আন্তর্জাতিক অর্থনৈতিক ব্যবস্থা পাশ হয়। প্রধানত ধনী ও দারিদ্র্যের ব্যবধান কমিয়ে আনা এবং অনুন্নত রাষ্ট্রের আর্থ সামাজিক উন্নয়নের লক্ষ্যে এই প্রস্তাব গৃহীত হয়।

৩৬. ১৯৬৫ সালের আগে জাতিসংঘের নিরাপত্তা পরিষদের সদস্য সংখ্যা কত ছিল?

[১৬তম বিসিএস]

- (ক) ১৫টি (খ) ৬টি
(গ) ১১টি (ঘ) ১০টি

উত্তর: (গ) ১১টি।

৩৭. ইয়াল্টা কনফারেন্স কবে অনুষ্ঠিত হয়?

[১৬তম বিসিএস]

- (ক) ১৯৩৩ সালে (খ) ১৯৪৩ সালে
(গ) ১৯৪৫ সালে (ঘ) ১৯৪৭ সালে

উত্তর: (গ) ১৯৪৫ সালে।

৩৮. পিএলও-এর ন্যাশনাল কাউন্সিল কর্তৃক আন্তর্জাতিক শান্তি সম্মেলন অনুষ্ঠানের প্রস্তাব সম্পর্কে ১৯৮৮ সনে জাতিসংঘ কোথায় রেজুলেশন গ্রহণ করে?

[১৩তম বিসিএস]

- (ক) নিউইয়র্ক (খ) প্যারিস
(গ) জেনেভা (ঘ) ভিয়েনা

উত্তর: (ক) নিউইয়র্ক।

৩৯. নিরাপত্তা পরিষদের এশীয় আসনে বাংলাদেশের প্রতিদ্বন্দী ছিল-

[১০তম বিসিএস]

- (ক) ফিলিপাইন (খ) জাপান
(গ) ইন্দোনেশিয়া (ঘ) থাইল্যান্ড

উত্তর: (খ) জাপান।

৪০. সাধারণ পরিষদের নিয়মিত অধিবেশন শুরু হয়-

[১০তম বিসিএস]

- (ক) সেপ্টেম্বর মাসের তৃতীয় মঙ্গলবার
(খ) সেপ্টেম্বর মাসের প্রথম সোমবার
(গ) সেপ্টেম্বর মাসের দ্বিতীয় বুধবার
(ঘ) সেপ্টেম্বর মাসের চতুর্থ মঙ্গলবার

উত্তর: (ক) সেপ্টেম্বর মাসের তৃতীয় মঙ্গলবার।

জাতিসংঘের বিশেষায়িত সংস্থা

০১. জাতিসংঘের কোন সংস্থা বাংলাদেশ ও মায়ানমারের মধ্যকার রোহিঙ্গা বিষয়ে মধ্যস্থতা করছে? [৪৮তম বিসিএস (স্বাস্থ্য)]

- (ক) ইউএনডিপি (খ) ইউনিসেফ
(গ) ইউএনএইচসিআর (ঘ) ইউনেস্কো

উত্তর: (গ) ইউএনএইচসিআর।

ব্যাখ্যা: বাংলাদেশ ও মায়ানমারের মধ্যকার রোহিঙ্গা বিষয়ে মধ্যস্থতাকারী জাতিসংঘের সংস্থা হলো ইউএনএইচসিআর (UNHCR)। উল্লেখ্য UNHCR বাংলাদেশে আশ্রয় নেয়া রোহিঙ্গাদের খাদ্য, আশ্রয়, স্বাস্থ্যসেবা ও অন্যান্য মানবিক সহায়তা প্রদানে কাজ করছে।

০২. বিশ্বস্বাস্থ্য সংস্থা কত সালে বাংলাদেশকে পোলিও মুক্ত ঘোষণা করে? [৪৮তম বিসিএস (স্বাস্থ্য)]

- (ক) ১৯৯৮ (খ) ২০০৪
(গ) ২০১৪ (ঘ) ২০১৯

উত্তর: (গ) ২০১৪।

ব্যাখ্যা: বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO) ১৯৮৮ সালে পোলিওমুক্ত বিশ্ব গড়ার লক্ষ্যে বিশ্ব পোলিও নির্মূলকরণ উদ্যোগ গ্রহণ করে। তবে বিশ্ব স্বাস্থ্য সংস্থা ২০১৪ সালে বাংলাদেশকে পোলিওমুক্ত ঘোষণা করে।

০৩. বাংলাদেশ কখন নারীর বিরুদ্ধে সকল প্রকার বৈষম্য (CEDAW) দূরীকরণ সনদে সম্মতি জানায়?

[৪৭তম বিসিএস]

- (ক) ১০ ডিসেম্বর ১৯৮৪ (খ) ৬ নভেম্বর ১৯৮৪
(গ) ৫ আগস্ট ১৯৮৫ (ঘ) ২ ফেব্রুয়ারি ১৯৮৭

উত্তর: (খ) ৬ নভেম্বর ১৯৮৪।

ব্যাখ্যা: CEDAW (Convention on the Elimination of All Forms of Discrimination Against Women) ১৯৭৯ সালে গৃহীত হয় এবং ১৯৮১ সালে কার্যকর হয়। ৩০ অনুচ্ছেদ সম্বলিত এ সনদে বাংলাদেশ ১৯৮৪ সালের ৬ নভেম্বর গৃহীত হয়।

০৪. UNOPS এর পূর্ণরূপ কী? [৪৭তম বিসিএস]

- (ক) United Nations Organization for Peace and Security
(খ) United Nations Office for Public Service
(গ) United Nations Office for Project Service
(ঘ) United Nations Operations and Planning system

উত্তর: (গ) United Nations Office for Project Service.

ব্যাখ্যা: United Nations Office for Project Service (UNOPS) ১৯৭৩ সালে এটি প্রতিষ্ঠিত হয়। ১৯৯৫ সালে স্বাধীন সংস্থা হিসেবে কাজ শুরু করে। এর সদর দপ্তর-কোপেন হেগেন।



০৫. জাতিসংঘের বিশ্ব পর্যটন সংস্থা বা জাতিসংঘ পর্যটন (পূর্বতন UNWTO) এর সদর দপ্তর কোথায়? [৪৭তম বিসিএস]

- (ক) তুরিন, ইতালি (খ) মাদ্রিদ, স্পেন
(গ) প্যারিস, ফ্রান্স (ঘ) ফ্রাঙ্কফুর্ট, জার্মানি

উত্তর: (খ) মাদ্রিদ, স্পেন।

ব্যাখ্যা: UNWTO-এর সদর দপ্তর মাদ্রিদ, স্পেন। এটি ১ নভেম্বর ১৯৭৫ সালে প্রতিষ্ঠিত হয়। এর সদস্য রাষ্ট্র-১৬০টি।

০৬. বাংলাদেশ কত সালে আন্তর্জাতিক শ্রম সংস্থার সদস্যপদ লাভ করে? [৪৬তম বিসিএস]

- (ক) ১৯৭২ (খ) ১৯৭৩
(গ) ১৯৭৪ (ঘ) ১৯৭৫

উত্তর: (ক) ১৯৭২।

ব্যাখ্যা: ১৯১৯ সালে ভার্সাই চুক্তির মাধ্যমে International Labour Organization (ILO) গঠিত হয় এবং ১৯৪৬ সালে ILO জাতিসংঘের প্রথম বিশেষায়িত সংস্থার মর্যাদা লাভ করে। এর সদর দপ্তর জেনেভা, সুইজারল্যান্ড। বর্তমান সদস্য সংখ্যা ১৮৭টি। সর্বশেষ সদস্য টোঙ্গা। বাংলাদেশ যোগদান করে ২২ জুন, ১৯৭২ সালে। এর বর্তমান মহাপরিচালক গিলবার্ট এফ হাউংবো (২০২২-বর্তমান)। প্রতিষ্ঠানটি ১৯৬৯ সালে শান্তিতে নোবেল পুরস্কার লাভ করে।

০৭. জাতিসংঘ মাদক ও অপরাধ সংক্রান্ত সংস্থা UNODC-এর প্রধান কার্যালয় কোথায় অবস্থিত? [৪৬তম বিসিএস]

- (ক) রোম (খ) ভিয়েনা
(গ) জেনেভা (ঘ) পিটসবার্গ

উত্তর: (খ) ভিয়েনা।

ব্যাখ্যা: United Nations Offices on Drugs and Crime (UNODC) হলো জাতিসংঘের মাদক ও অপরাধ বিষয়ক সংস্থা। এটি মাদক সংঘটিত অপরাধ, দুর্নীতি ও সন্ত্রাসবাদের বিরুদ্ধে কাজ করে। এর সদর দপ্তর অস্ট্রিয়ার ভিয়েনাতে।

০৮. নিম্নের কোনটি জাতিসংঘের সংস্থা নয়? [৪৩তম বিসিএস]

- (ক) আসিয়ান আঞ্চলিক ফোরাম (ARF)
(খ) আঞ্চলিক শ্রম সংস্থা (ILO)
(গ) আন্তর্জাতিক কৃষি উন্নয়ন তহবিল (IFAD)
(ঘ) খাদ্য ও কৃষি সংস্থা (FAO)

উত্তর: (ক) আসিয়ান আঞ্চলিক ফোরাম (ARF)।

ব্যাখ্যা: ASEAN Regional Forum (ARF) একটি দক্ষিণ এশীয় আঞ্চলিক অর্থনৈতিক জোট। এর সদর দপ্তর ইন্দোনেশিয়ার জাকার্তায়। এর সদস্য সংখ্যা ২৭টি। এটি জাতিসংঘের অন্তর্ভুক্ত নয়। অন্যদিকে ILO, IFAD, FAO জাতিসংঘের অন্তর্ভুক্ত সংস্থা।

০৯. WIPO এর সদর দপ্তর কোথায় অবস্থিত? [৪২তম, ৩৫তম বিসিএস]

- (ক) জেনেভা (খ) রোম
(গ) নিউইয়র্ক (ঘ) ওয়াশিংটন ডিসি

উত্তর: (ক) জেনেভা।

ব্যাখ্যা: World Intellectual Property Organization (WIPO) হলো জাতিসংঘের বুদ্ধিবৃত্তিক সম্পদ বা মেধা সংরক্ষণ সংস্থা। এটি জাতিসংঘের স্ব-অর্থায়ন সংস্থা। এর সদর দপ্তর জেনেভা, সুইজারল্যান্ড। এর সদস্য সংখ্যা ১৯৪টি।

১০. জাতিসংঘের কোন সংস্থাটি করোনা ভাইরাসকে ‘Pandemic’ ঘোষণা করেছে? [৪১তম বিসিএস]

- (ক) ECOSOC (খ) FAO
(গ) WHO (ঘ) HRC

উত্তর: (গ) WHO.

ব্যাখ্যা: World Health Organization (WHO) জাতিসংঘের অন্তর্ভুক্ত একটি স্বাস্থ্যবিষয়ক সংস্থা। ১১ মার্চ, ২০২০ সালে WHO Covid-19 কে Pandemic হিসেবে ঘোষণা করে। ১৯৪৮ সালের ৭ এপ্রিল WHO প্রতিষ্ঠিত হয়। এর সদর দপ্তর জেনেভা, সুইজারল্যান্ড। এর বর্তমান মহাপরিচালক টেড্রোস আধানম (ইথিওপিয়া)। বাংলাদেশ ১৭ মে, ১৯৭২ সালে সদস্যপদ লাভ করে।

১১. জাতিসংঘের কোন সংস্থা বার্ষিক বিশ্ব বিনিয়োগ প্রতিবেদন প্রকাশ করে? [৪১তম বিসিএস]

- (ক) WTO (খ) MIGA
(গ) World Bank (ঘ) UNCTAD

উত্তর: (ঘ) UNCTAD.

ব্যাখ্যা: United Nations Conference on Trade and Development (UNCTAD) হলো উন্নয়নশীল বিশ্বের একটি বাণিজ্য সম্প্রসারণ সংস্থা। এটি গঠিত হয় ১৯৬৪ সালে। প্রতি ৪ বছর পর পর এর শীর্ষ সম্মেলন অনুষ্ঠিত হয়। এটি প্রতিবছর বার্ষিক বিশ্ব বিনিয়োগ প্রতিবেদন প্রকাশ করে। এর সদর দপ্তর জেনেভা, সুইজারল্যান্ড।

১২. জাতিসংঘ সমুদ্র আইন কত সালে স্বাক্ষরিত হয়েছিল?

[৪০তম বিসিএস]

- (ক) ১৯৭৯ সালে (খ) ১৯৮২ সালে
(গ) ১৯৮৩ সালে (ঘ) ১৯৯৮ সালে

উত্তর: (খ) ১৯৮২ সালে।

ব্যাখ্যা: United Nations Convention on the Law of the Sea (UNCLOS) বা জাতিসংঘের সমুদ্রবিষয়ক আইন যা ১৯৮২ সালে জাতিসংঘের সমুদ্রবিষয়ক তৃতীয় সম্মেলনে স্বাক্ষরিত হয় এবং কার্যকর হয় ১৯৯৪ সালে। এ আইনটি UNCLOS-III নামেও পরিচিত। এই আইন অনুযায়ী একটি উপকূলীয় রাষ্ট্রের মহীসোপানের সীমা হবে ভিত্তি রেখা থেকে ৩৫০ নটিক্যাল মাইল। উল্লেখ্য, বাংলাদেশের অর্থনৈতিক সমুদ্রসীমা বা Exclusive Economic Zone হলো ২০০ নটিক্যাল মাইল বা ৩৭০.৪ কি.মি. এবং রাজনৈতিক সমুদ্রসীমা ১২ নটিক্যাল মাইল। এটি মৎস্য শিকার, নৌচলাচল, মহীসোপান, গভীর সমুদ্রতল, বৈজ্ঞানিক গবেষণা ও সমুদ্র দূষণের মতো বিষয়গুলো নিয়ে কাজ করে।



১৩. কোনটি জাতিসংঘের সহযোগী নয়? [৩৮তম বিসিএস]

- (ক) ILO (খ) হু (WHO)
(গ) ASEAN (আশিয়ান) (ঘ) উপরের সবকটি

উত্তর: (গ) ASEAN (আশিয়ান)।

ব্যাখ্যা: Association of South East Asian Nations (ASEAN) দক্ষিণ-পূর্ব এশিয়ার একটি অর্থনৈতিক জোট। এটি জাতিসংঘের সহযোগী সংস্থা নয়। অন্যদিকে জাতিসংঘের সহযোগী সংস্থাগুলো হলো- ILO, WHO, ITU, UPU, FAO, UNESCO, ICAO, IMO, WMO, IAEA, UNIDO, WIPO, IFAD, CTBTO, UNICEF, WFP, UNDP, UNEP, UNFPA, UNHCR ইত্যাদি।

১৪. UNHCR-এর সদর দপ্তর কোথায়? [৩৮তম বিসিএস]

- (ক) নিউইয়র্ক (খ) রোম
(গ) জেনেভা (ঘ) লন্ডন

উত্তর: (গ) জেনেভা।

ব্যাখ্যা: United Nations High Commissioner for Refugees (UNHCR) এর সদর দপ্তর সুইজারল্যান্ডের জেনেভায়। এটি বিশ্বব্যাপী শরণার্থীদের রক্ষা ও সহায়তার ক্ষেত্রে কাজ করে এবং দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় উদ্ধাস্তদের পুনর্বাসনের লক্ষ্যে প্রতিষ্ঠিত। এই সংস্থাটি শান্তিতে ২ বার নোবেল পুরস্কার লাভ করে।

১৫. 'Law of the Sea Convention' অনুযায়ী উপকূল থেকে কত দূরত্ব পর্যন্ত Exclusive Economic Zone হিসেবে গণ্য? [৩৭তম বিসিএস]

- (ক) ২২ নটিক্যাল মাইল (খ) ৪৪ নটিক্যাল মাইল
(গ) ২০০ নটিক্যাল মাইল (ঘ) ৩৭০ নটিক্যাল মাইল

উত্তর: (গ) ২০০ নটিক্যাল মাইল।

১৬. জাতিসংঘ উন্নয়ন কর্মসূচি (UNDP)-এর শীর্ষ পদটি কি? [৩৬তম বিসিএস]

- (ক) প্রশাসক (খ) মহাপরিচালক
(গ) মহাসচিব (ঘ) প্রেসিডেন্ট

উত্তর: (ক) প্রশাসক।

ব্যাখ্যা: UNDP হলো জাতিসংঘ উন্নয়ন কর্মসূচি। এর পূর্ণরূপ United Nations Development Programme। এটি প্রতিষ্ঠিত হয় ১৯৬৫ সালে। এর সদর দপ্তর নিউইয়র্ক (যুক্তরাষ্ট্র)। এটি বর্তমানে ১৭০টি দেশে কার্যক্রম পরিচালনা করে। এর প্রধান কাজ হলো সদস্য দেশগুলোর অবকাঠামোগত উন্নয়ন, দুর্যোগ প্রতিরোধ এবং দারিদ্র্য দূরীকরণ বা টেকসই উন্নয়নের লক্ষ্যমাত্রা অর্জনে সাহায্য করা। এই সংস্থাটি ১৯৯০ সাল থেকে Human Development Index (HDI) বা মানব উন্নয়ন সূচক প্রকাশ করে আসছে। এর শীর্ষপদ হলো প্রশাসক। ২০০৬ সালে UNDP এর ইতিহাসের উপর ভিত্তি করে রচিত 'The United Nations Development Programme' নামে একটি একটি বই প্রকাশিত হয়।

১৭. ১৯৮২ সালের সমুদ্র আইন সংক্রান্ত কনভেনশন অনুযায়ী একটি উপকূলীয় রাষ্ট্রের মহীসোপানের (Continental Shelf) সীমা হবে ভিত্তি রেখা হতে- [৩৫তম বিসিএস]

- (ক) ২০০ নটিকেল মাইল (খ) ৩০০ নটিকেল মাইল
(গ) ৩৫০ নটিকেল মাইল (ঘ) ৪৫০ নটিকেল মাইল

উত্তর: (গ) ৩৫০ নটিকেল মাইল।

১৮. নিচের কোন সংস্থাটি ২১ ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসাবে স্বীকৃতি দিয়েছে? [৩৪তম বিসিএস]

- (ক) UNDP (খ) UNESCO
(গ) UNICEF (ঘ) UNCTAD

উত্তর: (খ) UNESCO.

ব্যাখ্যা: ১৯৯৯ সালের ১৭ নভেম্বর UNESCO এর ৩০তম সাধারণ অধিবেশনে '২১ ফেব্রুয়ারি' কে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে ঘোষণা করে এবং প্রতিবছর এই দিবসটি পালনের সিদ্ধান্ত নেওয়া হয়। বিশ্বের ১৮৮টি দেশ ২০০০ সালে প্রথমবারের মতো ২১ ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে পালন করে। United Nations Educational, Scientific and Cultural Organization (UNESCO) সনদ স্বাক্ষরিত হয় ১৬ নভেম্বর ১৯৪৫ সালে এবং কার্যকর হয় ৪ নভেম্বর, ১৯৪৬ সালে। এটি জাতিসংঘের শিক্ষা, বিজ্ঞান ও সংস্কৃতি বিষয়ক অঙ্গ সংগঠন। এর সদর দপ্তর ফ্রান্সের প্যারিসে অবস্থিত। বাংলাদেশ ২৭ অক্টোবর, ১৯৭২ সালে ইউনেস্কোর সদস্যপদ লাভ করে।

১৯. এসকাপের সদর দপ্তর কোথায় অবস্থিত? [২৯তম বিসিএস]

- (ক) ব্যাংকক (খ) সিঙ্গাপুর
(গ) দিল্লী (ঘ) কলম্বো

উত্তর: (ক) ব্যাংকক।

ব্যাখ্যা:

সংস্থার নাম	সদর দপ্তর
Economic Commission for Africa (ECA)	আদিস আবাবা (ইথিওপিয়া)
Economic Commission for Europe (ECE)	জেনেভা (সুইজারল্যান্ড)
Economic Commission for Latin America & Caribbean (ECLAC)	সান্তিয়াগো (চিলি)
Economic and Social Commission for Asia and the Pacific (ESCAP)	ব্যাংকক (থাইল্যান্ড)
Economic and Social Commission for Western Asia (ESCWA)	বৈরুত (লেবানন)

২০. আইএলও-র সদর দপ্তর কোথায় অবস্থিত? [২৯তম বিসিএস]

- (ক) লন্ডন (খ) জেনেভা
(গ) নিউইয়র্ক (ঘ) দিল্লী

উত্তর: (খ) জেনেভা।



২১. খাদ্য ও কৃষি সংস্থার প্রধান কার্যালয় কোথায় অবস্থিত?

[২৯তম, ২৩তম, ১৯তম বিসিএস]

- (ক) নিউইয়র্ক (খ) রোমে
(গ) জেনেভা (ঘ) অটোয়ায়

উত্তর: (খ) রোমে।

ব্যাখ্যা: Food and Agricultural Organization (FAO) বা খাদ্য ও কৃষি সংস্থার প্রধান কার্যালয় ইতালির রোমে অবস্থিত। FAO প্রতিষ্ঠিত হয় ১৯৪৫ সালের ১৬ অক্টোবর। বর্তমানে FAO এর সদস্য দেশ ১৯৪টি, সংগঠন ১টি (ইউরোপীয় ইউনিয়ন) এবং সহযোগী সদস্য ২টি (ফ্যারো, টকেলাউ)। বাংলাদেশ সদস্যপদ লাভ করে ১৯৭৩ সালে। প্রতিবছর ১৬ অক্টোবর বিশ্ব খাদ্য দিবস হিসেবে পালিত হয়।

২২. United Nations Conference on Trade and Development (UNCTAD)-এর সদর দপ্তর কোথায়?

[২৬তম বিসিএস]

- (ক) হেগে (খ) জেনেভা
(গ) নিউইয়র্ক (ঘ) ক্যানবেরায়

উত্তর: (খ) জেনেভা।

২৩. নারীর প্রতি সকল রকম বৈষম্য নির্মূল কনভেনশন (UN Convention on the Elimination of All Forms of Discrimination Against Women) স্বাক্ষরিত হয়-

[২৬তম বিসিএস]

- (ক) ১৯৭৫ সালে (খ) ১৯৭৬ সালে
(গ) ১৯৭৯ সালে (ঘ) ১৯৮৯ সালে

উত্তর: (গ) ১৯৭৯ সালে।

ব্যাখ্যা: Convention on the Elimination of all forms of Discrimination Against Women (CEDAW) বা নারীর বিরুদ্ধে সকল প্রকার বৈষম্য দূরীকরণ সনদ যা জাতিসংঘের সাধারণ পরিষদে ১৮ ডিসেম্বর, ১৯৭৯ সালে অনুমোদিত হয় এবং কার্যকর হয় ১৯৮১ সালে। এই সনদে ৩০টি ধারা রয়েছে। বাংলাদেশ CEDAW অনুমোদন করে ৪ নভেম্বর, ১৯৮৪ সালে। এই কনভেনশন প্রজনন, গৃহ নির্যাতন, আইনগত ও রাজনৈতিক অধিকারের ক্ষেত্রে নারীদের সমমর্যাদা ও অধিকার প্রতিষ্ঠায় কাজ করে। CEDAW কমিটির প্রথম বাংলাদেশি সদস্য সালমা খান।

২৪. এ বছর তামাক নিয়ন্ত্রণে আন্তর্জাতিক জেনেভা সম্মেলনে সভাপতি কোন দেশের নাগরিক?

[২৫তম বিসিএস]

- (ক) বাংলাদেশ (খ) ভারত
(গ) পাকিস্তান (ঘ) সুইজারল্যান্ড

উত্তর: Blank.

ব্যাখ্যা: ২০০৪ সালে বিশ্ব স্বাস্থ্য সংস্থার ৫৭তম সম্মেলনে সভাপতিত্ব করেন পাকিস্তানের স্বাস্থ্য মন্ত্রী মোহাম্মদ নাসের খান। বর্তমানে সম্মেলনটি বন্ধ রয়েছে।

২৫. ইউনেস্কোর প্রধান কার্যালয় কোথায় অবস্থিত?

[২৫তম বিসিএস]

- (ক) নিউইয়র্ক (খ) প্যারিস
(গ) রোম (ঘ) জেনেভা

উত্তর: (খ) প্যারিস।

২৬. WTO-এর সদর দপ্তর কোন শহরে?

[২৪তম বিসিএস (বাতিল)]

- (ক) প্যারিস (খ) টোকিও
(গ) জেনেভা (ঘ) নিউইয়র্ক

উত্তর: (গ) জেনেভা।

ব্যাখ্যা: General Agreement on Tariffs and Trade (GATT) আন্তর্জাতিক বাণিজ্য সংস্থার পূর্বনাম। যেটি ১৯৪৭ সালে প্রতিষ্ঠিত হয় এবং ১৯৪৮ সালে কার্যকর হয়। ১ জানুয়ারি, ১৯৯৫ সালে GATT রূপান্তরিত হয়ে World Trade Organization (WTO)-এ পরিণত হয়। এর সদর দপ্তর জেনেভা, সুইজারল্যান্ড। WTO এর সদস্য সংখ্যা ১৬৬টি। সর্বশেষ সদস্য হলো পূর্ব তিমুর (৩০ আগস্ট, ২০২৪)। WTO এর সর্বশেষ রাউন্ড হলো 'দোহা রাউন্ড'।

২৭. ইসিএ (ECA)-এর সদর দপ্তর কোথায়? [২৪তম বিসিএস]

- (ক) আদিস আবাবা (খ) নাইরোবি
(গ) ডাকার (ঘ) কায়রো)

উত্তর: (ক) আদিস আবাবা।

২৮. স্থায়ী সালিসী আদালত কোথায় অবস্থিত? [২৪তম বিসিএস]

- (ক) জেনেভা (খ) লন্ডনে
(গ) প্যারিসে (ঘ) হেগে)

উত্তর: (ঘ) হেগে।

ব্যাখ্যা: স্থায়ী সালিসী আদালত নেদারল্যান্ডের দ্য হেগ শহরে অবস্থিত। বিভিন্ন দেশের মধ্যকার অমীমাংসিত বিষয় নিষ্পত্তিকারী বিশেষ সংস্থা। এটি ফাস্ট হেগ পিচ কনফারেন্স এর একটি অ্যাঙ্কের অধীন ১৮৯৯ সালে প্রতিষ্ঠিত হয়।

২৯. কোনটি জাতিসংঘের বহুমুখী কারিগরি ও প্রাক-বিনিয়োগ সহযোগিতা বাস্তবায়নের সর্ববৃহৎ মাধ্যম? [১৪তম বিসিএস]

- (ক) UNV (খ) DTCD
(গ) UNFPA (ঘ) UNDP)

উত্তর: (ঘ) UNDP.

৩০. জাতিসংঘের কারিগরি সহায়তা কার্যক্রম সংশ্লিষ্ট বিভিন্ন তহবিল ও সংস্থার মধ্যে সমন্বয়ের দায়িত্ব পালনকারী বিভাগের নাম কি? [১৩তম বিসিএস]

- (ক) UNDP (খ) DTCD
(গ) UNFPA (ঘ) UNEP)

উত্তর: (ক) UNDP.

৩১. 'International Institute on Ageing' কোথায় প্রতিষ্ঠিত হয়েছে? [১৩তম বিসিএস]

- (ক) জেনেভা (খ) রোম
(গ) প্যারিস (ঘ) ভ্যালাটে)

উত্তর: (ঘ) ভ্যালাটে।



ব্যাখ্যা: ৯ অক্টোবর, ১৯৮৭ সালে মাল্টা সরকার জাতিসংঘের পৃষ্ঠপোষকতায় International Institute on Ageing কে স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান হিসেবে প্রতিষ্ঠিত করতে জাতিসংঘের সাথে আনুষ্ঠানিক চুক্তি করে এবং ১৫ এপ্রিল, ১৯৮৮ সালে মাল্টার রাজধানী ভ্যালেন্টায় এটি প্রতিষ্ঠিত হয়। এটি জাতিসংঘভুক্ত স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান।

৩২. 'ইউনিডো' (UNIDO)-এর প্রধান কার্যালয় কোথায় অবস্থিত?

[১৩তম বিসিএস]

- (ক) টোকিও (খ) প্যারিস
(গ) নিউইয়র্ক (ঘ) ভিয়েনা

উত্তর: (ঘ) ভিয়েনা।

ব্যাখ্যা: জাতিসংঘের শিল্পোন্নয়ন সংস্থা United Nations Industrial Development Organization (UNIDO) প্রতিষ্ঠিত হয় ১৭ নভেম্বর, ১৯৬৬ সালে। এর সদর দপ্তর অস্ট্রিয়ার রাজধানী ভিয়েনায়। এর সদস্য দেশের সংখ্যা ১৭৩টি। বাংলাদেশ ১৯৮৫ সালে সদস্যপদ লাভ করে। এটি ১৯৮৫ সালে জাতিসংঘের বিশেষ সংস্থায় পরিণত হয়।

MDGs, SDGs ও শান্তিরক্ষী বাহিনী

০১. ২০৩০ সালের মধ্যে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনে ইফাদ (IFAD), SDG এর কোন দুটি লক্ষ্যমাত্রা নিয়ে কাজ করে?

[৫০তম বিসিএস]

- (ক) ৭ ও ৯ (খ) ১১ ও ১৩
(গ) ৩ ও ৬ (ঘ) ১ ও ২

উত্তর: (ঘ) ১ ও ২।

ব্যাখ্যা: SDG এর ১৭টি লক্ষ্য রয়েছে, যার মধ্যে প্রথম ও দ্বিতীয় লক্ষ্য যথাক্রমে- দারিদ্র্য বিমোচন ও ক্ষুধা মুক্তি। International Fund for Agricultural Development (IFAD) গ্রামীণ দারিদ্র্য হ্রাস ও কৃষি উন্নয়নে কাজ করে। যা SDG এর ১ ও ২ নং লক্ষ্যমাত্রা পূরণে সহায়ক।

০২. বিশ্বের প্রথম জাতিসংঘ শান্তিরক্ষী বাহিনী কোনটি?

[৪৯তম বিসিএস (শিক্ষা)]

- (ক) UNOSOM (খ) UNMOGIP
(গ) UNTSO (ঘ) UNEF I

উত্তর: (গ) UNTSO.

ব্যাখ্যা: জাতিসংঘ ১৯৪৮ সাল থেকে প্রথম শান্তিরক্ষা কার্যক্রম শুরু করে। প্রথম আরব-ইসরাইল যুদ্ধের (১৯৪৮) প্রেক্ষাপটে জাতিসংঘের প্রথম শান্তিরক্ষী বাহিনী United Nations Truce Supervision Organization (UNTSO) গঠিত হয়।

০৩. টেকসই উন্নয়ন লক্ষ্য (এসডিজি) অর্জনের নিচের কোনটির গুরুত্ব সবচেয়ে বেশী? [৪৮তম বিসিএস (স্বাস্থ্য)]

- (ক) সক্ষমতা তৈরি (খ) অংশীদারিত্ব
(গ) সমতা বিধান (ঘ) উপরের সবগুলো

উত্তর: (খ) অংশীদারিত্ব।

ব্যাখ্যা: টেকসই উন্নয়ন লক্ষ্যগুলো পরস্পরের সঙ্গে গভীরভাবে যুক্ত। তাই কোনো একটি লক্ষ্যকে এককভাবে সবচেয়ে গুরুত্বপূর্ণ বলা যায় না। তবে বাস্তবায়নের ক্ষেত্রে SDG 17 : অভীষ্ট অর্জনে অংশীদারিত্ব (Partnership for the Goals) একটি বিশেষ গুরুত্ব বহন করে। কারণ সরকারি-বেসরকারি খাত ও সুশীল সমাজের সমন্বিত অংশগ্রহণ ছাড়া অন্য কোনো লক্ষ্য কার্যকরভাবে অর্জন সম্ভব নয়। এই অংশীদারিত্বের মাধ্যমে প্রয়োজনীয় অর্থ, প্রযুক্তি ও দক্ষতা একত্রিত হয়। অভীষ্ট অর্জনে অংশীদারিত্ব একটি 'ছাতা লক্ষ্য' (Enabling Goal) হিসেবে কাজ করে, যা সম্মিলিত প্রচেষ্টার মাধ্যমে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রার (SDGs) অন্যান্য সব লক্ষ্য অর্জনে সহায়ক ভূমিকা পালন করে।

০৪. রোম সংবিধি (Rome Statute) এর ফলে কোন সংস্থাটি প্রতিষ্ঠিত হয়? [৪৭তম বিসিএস]

- (ক) International Court of Justice (ICJ)
(খ) International Criminal Court (ICC)
(গ) International Atomic Energy Agency (IAEA)
(ঘ) European Union (EU)

উত্তর: (খ) International Criminal Court (ICC).

ব্যাখ্যা: ১৯৯৮ সালে রোম সংবিধির মাধ্যমে International Criminal Court (ICC) প্রতিষ্ঠিত হয়। ICC ২০০২ সালে একটি স্থায়ী আদালত হিসেবে কাজ শুরু করে। আন্তর্জাতিক অপরাধ আদালত জাতিসংঘের কোনো অঙ্গ প্রতিষ্ঠান নয়। এটি একটি স্বাধীন প্রতিষ্ঠান।

০৫. টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রার (SDG) চতুর্থ লক্ষ্যমাত্রা কোনটি?

[৪৬তম বিসিএস]

- (ক) জলবায়ু কার্যক্রম
(খ) মানসম্মত শিক্ষা
(গ) দারিদ্র্য বিমোচন
(ঘ) শান্তি, ন্যায়বিচার ও কার্যকর প্রতিষ্ঠান

উত্তর: (খ) মানসম্মত শিক্ষা।



ব্যাখ্যা: ২০১২ সালে ব্রাজিলের রিও ডি জেনিরোতে জাতিসংঘের টেকসই উন্নয়ন সম্মেলনে SDG এর ধারণা দেওয়া হয়। পরবর্তীতে ২০১৫ সালের সেপ্টেম্বরে জাতিসংঘের সাধারণ পরিষদের ৭০তম অধিবেশনে ‘Transforming Our World: The 2030 Agenda for Sustainable Development’ শিরোনামে SDG Goal অনুমোদন করে। এর মেয়াদ জানুয়ারি ২০১৬ থেকে ডিসেম্বর ২০৩০। এর লক্ষ্যমাত্রা ১৭টি এবং সহযোগী লক্ষ্যমাত্রা ১৬৯টি। এটি সামাজিক উন্নয়নকে গুরুত্ব দেয়। এর ১৭টি অভিন্ন লক্ষ্যগুলো-

লক্ষ্যসমূহ	
SDG 01	দারিদ্র্য বিমোচন
SDG 02	ক্ষুধামুক্তি
SDG 03	সুস্বাস্থ্য
SDG 04	মানসম্মত শিক্ষা
SDG 05	লিঙ্গ সমতা
SDG 06	সুপেয় পানি ও স্যানিটেশন
SDG 07	নবায়নযোগ্য জ্বালানি
SDG 08	কর্মসংস্থান ও অর্থনীতি
SDG 09	শিল্প, বিজ্ঞান ও অবকাঠামোগত উন্নয়ন
SDG 10	বৈষম্য হ্রাস
SDG 11	টেকসই নগর ও জনগণ
SDG 12	পরিমিত ভোগ
SDG 13	জলবায়ু বিষয়ে পদক্ষেপ
SDG 14	সামুদ্রিক বাস্তুসংস্থান
SDG 15	স্থলভাগের জীবন
SDG 16	শান্তি ও ন্যায় বিচার
SDG 17	অভিন্ন অর্জনে অংশীদারিত্ব

০৬. “২০৩০ সালের মধ্যে বিশ্বের দরিদ্র নারী, পুরুষ ও শিশুর সংখ্যা অর্ধেক নামিয়ে আনতে হবে”-এটি টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা কোন অভিন্ন লক্ষ্য? [৪৬তম বিসিএস]

- (ক) টার্গেট ১.১ (খ) টার্গেট ১.২
(গ) টার্গেট ১.৩ (ঘ) টার্গেট ১.৪

উত্তর: (খ) টার্গেট ১.২।

ব্যাখ্যা: SDG এর টার্গেট-

১.১	২০৩০ সালের মধ্যে চরম দারিদ্র্য দূর করা।
১.২	দরিদ্র মহিলা, পুরুষ ও শিশুর সংখ্যা অর্ধেক নামিয়ে আনা।
১.৩	সামাজিক নিরাপত্তা নিশ্চিত করা।
১.৪	দারিদ্র্য দূরীকরণে জাতীয়, আঞ্চলিক ও আন্তর্জাতিক পর্যায়ে নীতি নির্ধারণ করা।

০৭. জাতিসংঘের টেকসই উন্নয়নের লক্ষ্য কয়টি?

[৪৩তম, ৪২তম, ৪০তম বিসিএস]

- (ক) ১১ (খ) ১৫
(গ) ১৭ (ঘ) ২১

উত্তর: (গ) ১৭।

০৮. ইরান-ইরাক যুদ্ধবিরতির তদারকির কাজে নিয়োজিত জাতিসংঘের বাহিনী কোন নামে পরিচিত ছিল?

[৪৩তম, ১৪তম বিসিএস]

- (ক) UNIMOG (খ) UNIMOG
(গ) UNGOMAP (ঘ) UNICEF

উত্তর: (খ) UNIMOG.

ব্যাখ্যা: ১৯৮৮ সালে ইরাক-ইরান যুদ্ধ বন্ধে জাতিসংঘ United Nations Iran-Iraq Military Observer Group (UNIMOG) প্রেরণ করে। এই শান্তিরক্ষী মিশনে বাংলাদেশ প্রথমবারের মতো ১৫ জন সদস্য প্রেরণ করে আনুষ্ঠানিকভাবে শান্তিরক্ষী মিশন কার্যক্রমে অংশগ্রহণ করে।

০৯. MDG-এর অন্যতম লক্ষ্য কি? [৩৬তম বিসিএস]

- (ক) দেশ থেকে পোলিও নির্মূল (খ) HIV/AIDS নির্মূল করা
(গ) যক্ষ্মা নির্মূল করা (ঘ) ক্ষুধা ও দারিদ্র্য দূর করা

উত্তর: (ঘ) ক্ষুধা ও দারিদ্র্য দূর করা।

১০. সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যসমূহের সময়সীমা নির্ধারণ করা হয়েছে কোন সাল পর্যন্ত? [২৬তম বিসিএস]

- (ক) ২০১০ (খ) ২০১৫
(গ) ২০২০ (ঘ) ২০২৫

উত্তর: (খ) ২০১৫।

ব্যাখ্যা: ২০০০ সালের সেপ্টেম্বরে জাতিসংঘ আয়োজিত বিশ্ব সম্মেলনে গৃহীত লক্ষ্য ও উদ্দেশ্যগুলোই মূলত ‘মিলেনিয়াম ডেভেলপমেন্ট গোল’ (MDG) নামে পরিচিত। এই লক্ষ্যমাত্রা সঠিকভাবে বাস্তবায়নের জন্য বিশ্ব নেতৃবৃন্দ ২০১৫ সাল পর্যন্ত সময়সীমা নির্ধারণ করে।

২.২

অর্থনৈতিক প্রতিষ্ঠান ও জোট

০১. ‘——’ ব্রিকস (BRICS) কর্তৃক অবকাঠামো এবং টেকসই উন্নয়ন প্রকল্পের অর্থায়নের লক্ষ্যে প্রতিষ্ঠিত হয়।

[৫০তম বিসিএস]

- (ক) NDB (খ) ADB
(গ) AIIB (ঘ) IMF

উত্তর: (ক) NDB.

ব্যাখ্যা: ১৬ জুলাই, ২০১৪ সালে IMF এর বিকল্প হিসেবে BRICS কর্তৃক New Development Bank (NDB) প্রতিষ্ঠিত হয়। উন্নয়নশীল দেশগুলোর অবকাঠামো উন্নয়নে অর্থায়ন, বৈশ্বিক অর্থনৈতিক স্থিতিশীলতা অর্জন, দারিদ্র্য হ্রাস ও টেকসই উন্নয়ন NDB এর প্রধান লক্ষ্য হিসেবে বিবেচিত।



০২. 'বিশ্ব বাণিজ্য সংস্থা' (WTO) প্রতিষ্ঠিত হয়েছিল _____ চুক্তির মাধ্যমে। [৫০তম বিসিএস]

- (ক) ব্রেটন উডস (খ) লিসবন
(গ) জেনেভা (ঘ) মারাকেশ

উত্তর: (ঘ) মারাকেশ।

ব্যাখ্যা: দীর্ঘ ৮ বছর হতে চলমান 'উরুগুয়ে রাউন্ড' এর চূড়ান্ত ফসল হিসেবে ১৫ এপ্রিল, ১৯৯৪ সালে মরোক্কোতে 'মারাকেশ চুক্তি' স্বাক্ষরিত হয়। এতে বিশ্ব বাণিজ্যকে একটি সুসংজ্ঞিত ও আইনি কাঠামোতে পরিচালনার লক্ষ্যে GATT এর পরিবর্তে একটি স্থায়ী আন্তর্জাতিক সংস্থা হিসেবে WTO গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়। ১ জানুয়ারি, ১৯৯৫ সালে GATT বিশ্ব বাণিজ্য সংস্থায় (WTO) রূপান্তরিত হয়। বিশ্বের বাণিজ্য সংক্রান্ত নীতি প্রবর্তন এবং সদস্য রাষ্ট্র বা পক্ষসমূহের মধ্যকার মত পার্থক্য দূর করতে WTO সাহায্য করে থাকে।

০৩. কোনটি ব্রিকস (BRICS)-এর প্রধান লক্ষ্য? [৫০তম বিসিএস]

- (ক) ন্যাটোর সম্প্রসারণে সহায়তা প্রদান
(খ) বিশ্ব আর্থিক প্রতিষ্ঠানগুলোর সংস্কার পূর্বক উদীয়মান অর্থনৈতিক দেশগুলোর স্বার্থরক্ষা
(গ) ইউরোপের জন্য একক মুদ্রা প্রতিষ্ঠা করা
(ঘ) জি-৭ এর সদস্য সংখ্যা বৃদ্ধি

উত্তর: (খ) বিশ্ব আর্থিক প্রতিষ্ঠানগুলোর সংস্কার পূর্বক উদীয়মান অর্থনৈতিক দেশগুলোর স্বার্থরক্ষা।

ব্যাখ্যা: ব্রাজিল, রাশিয়া, ভারত, চীনের সমন্বয়ে বিশ্ব অর্থনীতিতে উদীয়মান দেশগুলোর অর্থনৈতিক উন্নয়ন ও বিনিয়োগ বৃদ্ধিকল্পে ২০০৬ সালে BRIC ও ২০১০ সালে দক্ষিণ আফ্রিকা যুক্ত হওয়ার মাধ্যমে BRICS যাত্রা শুরু করে। বর্তমানে এর সদস্য ১০টি।

০৪. চীনের উদ্যোগে চালু করা 'বেল্ট অ্যান্ড রোড ইনিশিয়েটিভ' (BRI) এর প্রাথমিক লক্ষ্য কী? [৫০তম বিসিএস]

- (ক) একটি নতুন আন্তর্জাতিক মুদ্রা প্রতিষ্ঠা করা
(খ) নৌ ঘাঁটির মাধ্যমে বিশ্বব্যাপী অর্থনৈতিক সম্প্রসারণ
(গ) বিশ্বব্যাপী অর্থনৈতিক উন্নয়নে অর্থায়ন
(ঘ) বাণিজ্য এবং অবকাঠামোর একটি বিশ্বব্যাপী নেটওয়ার্ক তৈরি করা

উত্তর: (ঘ) বাণিজ্য এবং অবকাঠামোর একটি বিশ্বব্যাপী নেটওয়ার্ক তৈরি করা।

ব্যাখ্যা: আর্থ-সামাজিক উন্নয়ন, বাণিজ্য-বিনিয়োগ সম্প্রসারণ এবং আঞ্চলিক অবকাঠামো উন্নয়নের লক্ষ্যে চীনের রাষ্ট্রপতি শি জিনপিং ২০১৩ সালে BRI ঘোষণা করেন। এই কর্মসূচি এশিয়া, আফ্রিকা ও ইউরোপের প্রায় ১৫০টি দেশ এবং বিশ্ব জনসংখ্যার ৬০% এর মধ্যে Connectivity গড়ে তুলবে। ২০১৬ সালে শি জিনপিং এর ঢাকা সফরের সময় বাংলাদেশ আনুষ্ঠানিকভাবে BRI তে যুক্ত হয়।

০৫. বিশ্ব অর্থনীতিতে 'পেপার গোল্ড' (Paper Gold) বলতে কী বোঝায়? [৫০তম বিসিএস]

- (ক) বিশ্বব্যাংকের সুবিধালাভ
(খ) বিশেষ উত্তোলন অধিকার (SDR)
(গ) স্বর্ণের মানসম্পন্ন ভিত্তিতে মুদ্রা
(ঘ) ঘাটতি অর্থায়ন

উত্তর: (খ) বিশেষ উত্তোলন অধিকার (SDR)।

ব্যাখ্যা: IMF ১৯৬৯ সালে SDR (Special Drawing Right) প্রবর্তন করে। এটি সদস্য দেশগুলোর রিজার্ভ ও স্বর্ণের মজুতকে আরো শক্তিশালী করার উদ্দেশ্যে প্রতিষ্ঠা করা হয়। বিশ্ব অর্থনীতিতে SDR এবং Paper gold মূলত একই মুদ্রাসম্পদকে নির্দেশ করে। SDR মুদ্রা ৫টি (মার্কিন ডলার, ইউরো, ব্রিটিশ পাউন্ড, চীনা ইউয়ান এবং জাপানি ইয়েন)। SDR বিশ্ব অর্থনীতিতে স্বর্ণ ও ডলার সংকটকালীন সময়ে মজুত না বাড়িয়ে আন্তর্জাতিক লেনদেনের সুবিধা দেয়ার জন্য SDR কাগজের মাধ্যমে স্বর্ণের মতো গুরুত্ব বহন করে। তাই এটি Paper gold হিসেবে বিবেচিত।

০৬. আন্তর্জাতিক অর্থায়নের ভিত্তি স্থাপনে ব্রেটন উডস (Bretton Woods) সম্মেলন কোথায় অনুষ্ঠিত হয়েছিল? [৫০তম বিসিএস]

- (ক) নেদারল্যান্ডস (খ) নিউ ইয়র্ক
(গ) নিউ হ্যাম্পশায়ার (ঘ) নিউ জার্সি

উত্তর: (গ) নিউ হ্যাম্পশায়ার।

০৭. মাল্টিলাটারাল ইনভেস্টমেন্ট গ্যারান্টি এজেন্সি (MIGA) কোন সংস্থার অংশ? [৫০তম বিসিএস]

- (ক) বিশ্বব্যাংক গ্রুপ
(খ) আন্তর্জাতিক মুদ্রা তহবিল
(গ) জাতিসংঘ উন্নয়ন কর্মসূচি
(ঘ) এশীয় অবকাঠামো বিনিয়োগ ব্যাংক (AIIB)

উত্তর: (ক) বিশ্বব্যাংক গ্রুপ।

০৮. নিম্নোক্ত কোন দেশটি ইউরোপিয়ান ইউনিয়নের (EU) সদস্য নয়? [৪৯তম বিসিএস (শিক্ষা)]

- (ক) বুলগেরিয়া (খ) হাঙ্গেরি
(গ) পোল্যান্ড (ঘ) সুইজারল্যান্ড

উত্তর: (ঘ) সুইজারল্যান্ড।

ব্যাখ্যা: ইউরোপীয় ইউনিয়ন (EU) ম্যাস্ট্রিখ্ট চুক্তির মাধ্যমে ১৯৯৩ সালে প্রতিষ্ঠিত হয়। এর সদস্য সংখ্যা ২৭টি। এর মধ্যে সুইজারল্যান্ড ইউরোপের দেশ হলেও European Union এর সদস্য নয়।



০৯. কোনটি উন্নয়ন কার্যক্রমে ঋণ সহায়তাদানকারী সংস্থা?

[৪৮তম বিসিএস (স্বাস্থ্য)]

- (ক) ইউরোপীয় ইউনিয়ন (খ) এশীয় উন্নয়ন ব্যাংক
(গ) বিশ্বব্যাংক (ঘ) উপরের সবগুলো

উত্তর: (ঘ) উপরের সবগুলো।

ব্যাখ্যা: উন্নয়ন কার্যক্রমে ঋণদানকারী বা ঋণ সহায়তাদানকারী সংস্থা হলো এমন প্রতিষ্ঠান যারা বিভিন্ন উন্নয়নমূলক কর্মকাণ্ডে অর্থায়ন করার জন্য ঋণ প্রদান করে। যেমন: বিশ্বব্যাংক, এশীয় উন্নয়ন ব্যাংক ও ইউরোপীয় ইউনিয়ন ইত্যাদি।

১০. বর্তমানে অর্থনীতির ব্যাপ্তি অনুসারে বিশ্বের বৃহত্তম অর্থনৈতিক জোট কোনটি?

[৪৭তম বিসিএস]

- (ক) EU (খ) WTO
(গ) RCEP (ঘ) AU

উত্তর: (গ) RCEP.

ব্যাখ্যা: Regional Comprehensive Economic Partnership (RCEP)-এর GDP ও অর্থনীতির ব্যাপ্তি EU এর তুলনায় বেশি। প্রশ্নে যেহেতু বর্তমানের অর্থনীতির ব্যাপ্তি অনুসারে জানতে চাওয়া হয়েছে সেহেতু RCEP হবে।

১১. কোন দেশটি OPEC এর সদস্য নয়? [৪৭তম বিসিএস]

- (ক) ইন্দোনেশিয়া (খ) নাইজেরিয়া
(গ) বাংলাদেশ (ঘ) গ্যাবন

উত্তর: (গ) বাংলাদেশ।

ব্যাখ্যা: OPEC (Organization of the Petroleum Exporting Countries) ১৯৬০ সালে প্রতিষ্ঠিত তেল সরবরাহকারী দেশসমূহের একটি সংগঠন। ইন্দোনেশিয়া, নাইজেরিয়া, গ্যাবন এর সদস্য। বাংলাদেশ OPEC এর সদস্য নয়। OPEC-এর বর্তমান সদস্য ১২ টি দেশ। পূর্বে ছিল ১৩ টি। অ্যাঙ্গোলা ২০২৪ সালে সংগঠনটি থেকে বের হয়ে যায়।

১২. উন্নয়নশীল দেশসমূহের বৈশ্বিক জোট 'জি৭৭' এর বর্তমান সদস্য সংখ্যা কত? [৪৬তম বিসিএস]

- (ক) ১০৫ (খ) ১১৫
(গ) ১২৫ (ঘ) ১৩৫

উত্তর: Blank.

ব্যাখ্যা: Group 77 বা জি-৭৭ হলো উন্নয়নশীল দেশসমূহের একটি অর্থনৈতিক সংগঠন। জাতিসংঘের বাণিজ্য ও উন্নয়ন সংস্থা UNCTAD এর উদ্যোগে ১৯৬৪ সালে সুইজারল্যান্ডের জেনেভায় প্রতিষ্ঠিত হয়। এর প্রতিষ্ঠাকালীন সদস্যদেশ ৭৭টি। এর বর্তমান সদস্য ১৩৪টি। সর্বশেষ সদস্য দক্ষিণ সুদান। এই সংস্থাটির কোনো সদরদপ্তর নেই।

১৩. কোথায় ইউরোপীয় কেন্দ্রীয় ব্যাংক অবস্থিত? [৪৫তম বিসিএস]

- (ক) লন্ডন (খ) প্যারিস
(গ) ব্রাসেলস (ঘ) ফ্রাঙ্কফুর্ট

উত্তর: (ঘ) ফ্রাঙ্কফুর্ট।

ব্যাখ্যা: ইউরোপীয় ইউনিয়ন বিশ্বের সবচেয়ে বড় অর্থনৈতিক সংস্থা। ১৯৫৭ সালের ২৫ মার্চ পশ্চিম ইউরোপের ৬টি দেশ (বেলজিয়াম, ফ্রান্স, ইতালি, জার্মানি, নেদারল্যান্ডস ও লুক্সেমবার্গ) 'রোম চুক্তি'তে স্বাক্ষর করে। এই চুক্তির মাধ্যমে ১৯৫৮ সালের ১ জানুয়ারি European Economic Community (EEC) বা European Community (EC) প্রতিষ্ঠিত হয়। ১৯৯২ সালে 'ম্যাস্ট্রিখ্ট চুক্তি'র মাধ্যমে ইউরোপীয় ইউনিয়ন গঠিত হয়। ২০০৯ সালের 'লিসবন চুক্তি' হলো EU এর সাংবিধানিক ভিত্তি যার আর্টিকেল ৫০-এ EU থেকে বের হওয়ার প্রক্রিয়া সম্পর্কে বলা হয়েছে। ইউরোপীয় কোর্ট অব জাস্টিস-লুক্সেমবার্গে এবং ইউরোপীয় কেন্দ্রীয় ব্যাংক-জার্মানির ফ্রাঙ্কফুর্টে অবস্থিত। EU এর অফিসিয়াল ভাষা ২৪টি। এর সদস্য সংখ্যা-২৭টি। এর সদর দপ্তর-ব্রাসেলস (বেলজিয়াম)। এটি নোবেল পুরস্কার লাভ করে ২০১২ সালে। এর সীমান্তরক্ষী বাহিনীর নাম Frontex। ৩১ জানুয়ারি, ২০২০ ব্রিটেনের বের হয়ে যাওয়ার প্রক্রিয়াকে Brexit বলে। ইউরোপীয় ইউনিয়ন LDC ভুক্ত দেশগুলোকে GSP সুবিধা দিয়ে থাকে।

১৪. ২০২২ সালে G-20 শীর্ষ বৈঠক কোথায় অনুষ্ঠিত হয়?

[৪৫তম বিসিএস]

- (ক) সিঙ্গাপুর (খ) জাকার্তা
(গ) ম্যানিলা (ঘ) বালী

উত্তর: (ঘ) বালী।

ব্যাখ্যা: উন্নত ও উন্নয়নশীল ২১টি (১৯টি দেশ + EU+AU) দেশের অর্থনৈতিক জোট হলো G-20। জার্মানির বার্লিনে এশিয়ান আর্থিক সংকটের পরিপ্রেক্ষিতে কেন্দ্রীয় ব্যাংকের গভর্নর এবং অর্থমন্ত্রীদের সম্মেলনে ১৯৯৯ সালে এটি গঠিত হয়। ২০২২ সালে G-20 সম্মেলন অনুষ্ঠিত হয় ইন্দোনেশিয়ার বালীতে। সর্বশেষ ২০২৫ সালে দক্ষিণ আফ্রিকার জোহানেসবার্গে ২২-২৩ নভেম্বর G-20 এর ২০তম সম্মেলন অনুষ্ঠিত হয়। G-20 এর সদস্যগুলো হলো- জাপান, ইন্দোনেশিয়া, চীন, ইতালি, ভারত, যুক্তরাজ্য, আর্জেন্টিনা, অস্ট্রেলিয়া, ব্রাজিল, কানাডা, ফ্রান্স, জার্মানি, কোরিয়া প্রজাতন্ত্র, মেক্সিকো, রাশিয়া, সৌদি আরব, দক্ষিণ আফ্রিকা, তুর্কি, যুক্তরাষ্ট্র ও EU।

১৫. কোন দেশটি ইউরোপীয় ইউনিয়নের সদস্য নয়?

[৪৫তম বিসিএস]

- (ক) সাইপ্রাস (খ) আলজেরিয়া
(গ) ইস্টোনিয়া (ঘ) মাল্টা

উত্তর: (খ) আলজেরিয়া।

ব্যাখ্যা: EU এর সদস্য দেশ ২৭টি। দেশগুলো হলো: ফিনল্যান্ড, লাটভিয়া, হাঙ্গেরি, ফ্রান্স, ক্রোয়েশিয়া, নেদারল্যান্ডস, এস্তোনিয়া, বেলজিয়াম, স্লোভেনিয়া, ইতালি, সুইডেন, গ্রিস, লুক্সেমবার্গ, রোমানিয়া, বুলগেরিয়া, পর্তুগাল, সাইপ্রাস, জার্মানি, স্লোভাকিয়া, লিথুনিয়া, মাল্টা, স্পেন, অস্ট্রেলিয়া, আয়ারল্যান্ড, অস্ট্রিয়া, চেক প্রজাতন্ত্র ও ডেনমার্ক। অপরদিকে আলজেরিয়া উত্তর আফ্রিকার দেশ।



১৬. নিচের কোন দেশটি ডি-৮ এর সদস্য নয়? [৪৪তম বিসিএস]

- (ক) জর্ডান (খ) ইরান
(গ) মিশর (ঘ) মালয়েশিয়া

উত্তর: (ক) জর্ডান।

ব্যাখ্যা: Developing Eight (D-8) গঠিত হয় ১৫ জুন, ১৯৯৭ সালে তুর্কিয়ার প্রধানমন্ত্রী নাজিমুদ্দিন এরবাকান এর উদ্যোগে। এর সদর দপ্তর ইস্তানবুল (তুর্কি)। এটি ৮টি উন্নয়নশীল মুসলিম দেশের জোট। এর সদস্যদেশগুলো হলো- বাংলাদেশ, পাকিস্তান, মালয়েশিয়া, নাইজেরিয়া, ইরান, তুরস্ক, মিশর ও ইন্দোনেশিয়া। D-8 এর ১১তম শীর্ষ সম্মেলন অনুষ্ঠিত হয় মিশরে।

১৭. World Economic Forum-এর বাৎসরিক অধিবেশন কোথায় অনুষ্ঠিত হয়? [৪৪তম বিসিএস]

- (ক) প্যারিস (খ) জুরিখ
(গ) দাভোস (ঘ) বার্ন

উত্তর: (গ) দাভোস।

ব্যাখ্যা: World Economic Forum (WEF) একটি অলাভজনক প্রতিষ্ঠান। এটি ১৯৭১ সালের ২৪ জানুয়ারি জার্মান প্রকৌশলী ও অর্থনীতিবিদ Claus Schwab কর্তৃক প্রতিষ্ঠিত হয়। প্রতিবছর সুইজারল্যান্ডের দাভোসে এর বার্ষিক সম্মেলন অনুষ্ঠিত হয়। ২০১৫ সালে WEF এর সম্মেলনে ৪র্থ শিল্প বিপ্লব এর ধারণা দেয়া হয়। শুরুতে এর নাম ছিল European Management Forum যা ১৯৮৭ সালে WEF-এ রূপান্তর করা হয়। ২০২১ সালে এই সংস্থাটির সুবর্ণজয়ন্তী পালিত হয়। এর সর্বশেষ ৫৫তম অধিবেশন অনুষ্ঠিত হয় সুইজারল্যান্ডের দাভোস-ক্লস্টার্সে ২০-২৪ জানুয়ারি, ২০২৫।

১৮. World Development Report কোন সংস্থার বার্ষিক প্রকাশনা? [৪৩তম, ৩৭তম বিসিএস]

- (ক) UNDP (খ) World Bank
(গ) IMF (ঘ) BRICS

উত্তর: (খ) World Bank.

ব্যাখ্যা: World Bank (WB) এর প্রকৃত নাম International Bank for Reconstruction and Development. এটি বিশ্বের বৃহত্তম উন্নয়ন ব্যাংক। এর সদস্য সংখ্যা ১৮৯টি। একমাত্র প্রত্যাহারকারী দেশ কিউবা। ১৯৭২ সালে বাংলাদেশ এর সদস্যপদ গ্রহণ করে। এর সদর দপ্তর ওয়াশিংটন ডিসি (যুক্তরাষ্ট্র)। বিশ্বব্যাংক প্রথম ঋণ প্রদান করে ফ্রান্সকে এবং সবচেয়ে বেশি ঋণ পেয়েছে ভারত। World Bank ১৯৭৮ সাল থেকে 'World Development Report' প্রকাশ করে আসছে। অর্থনীতি, সমাজব্যবস্থা ও জীবনমাত্রার মান এই রিপোর্টে প্রকাশ করা হয়। অপরদিকে, UNDP প্রকাশ করে মানব উন্নয়ন সূচক বা Human Development Index; IMF প্রকাশ করে World Economic Outlook Purchasing Power Parity (PPP) বা ক্রয়ক্ষমতা সূচক।

১৯. "D-8 Organization for Economic Cooperation" বা D-8 এর দশম শীর্ষ সম্মেলন কোথায় অনুষ্ঠিত হবে? [৪২তম বিসিএস]

- (ক) আবুজা (খ) ঢাকা
(গ) তেহরান (ঘ) ইস্তাম্বুল

উত্তর: (খ) ঢাকা।

২০. কোনটি "Bretton Woods Institutions" এর অন্তর্ভুক্ত? [৪২তম বিসিএস]

- (ক) IDB (খ) IMF
(গ) WTO (ঘ) ADB

উত্তর: (খ) IMF.

ব্যাখ্যা: ১-২২ জুলাই, ১৯৪৪ সালে যুক্তরাষ্ট্রের নিউ হ্যাম্পশায়ার এর ব্রেটন উডস শহরে ৪৪টি দেশের অংশগ্রহণে IBRD এবং IMF গঠিত হয়। এই দুটি প্রতিষ্ঠানকে ব্রেটন উডস প্রতিষ্ঠান বলে। IMF এর পূর্ণরূপ International Monetary Fund. এর কার্যক্রম শুরু হয় ১৯৪৭ সালে। এর সদস্য দেশ ১৯১টি। সর্বশেষ সদস্য অ্যান্ডোরা। বাংলাদেশ সদস্যপদ লাভ করে ১৯৭২ সালে। এর সদর দপ্তর ওয়াশিংটন ডিসি (যুক্তরাষ্ট্র)। IMF এর রিজার্ভ সম্পদের আর্থিক একক SDR (Special Drawing Rights)। SDR মুদ্রা ৫টি (মার্কিন ডলার, ইউরো, ব্রিটিশ পাউন্ড, ইউয়ান ও ইয়েন) যা এলিট ক্লাব নামে পরিচিত। SDR সুবিধা প্রদানের জন্য ১৯৬৯ সালে IMF এর গঠনতন্ত্র সংশোধন করা হয় এবং ১৯৬৫ সালে জাতিসংঘ সনদ সংশোধন করা হয়। এটি Global financial Stability Report প্রকাশ করে। ১৯৯৯ থেকে Bail Out এর মাধ্যমে বিভিন্ন দেশকে দেউলিয়া থেকে রক্ষা করে। উন্নয়নশীল দেশে IMF এর ঋণ প্রদান নীতি হলো Structural Adjustment Plan (SAP)।

২১. আন্তর্জাতিক মুদ্রা তহবিল কোন সালে গঠিত হয়? [৪১তম বিসিএস]

- (ক) ১৯৪৪ সালে (খ) ১৯৪৫ সালে
(গ) ১৯৪৮ সালে (ঘ) ১৯৪৯ সালে

উত্তর: (ক) ১৯৪৪ সালে।

২২. BRICS কর্তৃক প্রতিষ্ঠিত ব্যাংকের নাম হচ্ছে-

[৪০তম বিসিএস]

- (ক) New Development Bank (NDB)
(খ) BRICS Development Bank (BDB)
(গ) Economic Development Bank (EDB)
(ঘ) International Commercial Bank (ICB)

উত্তর: (ক) New Development Bank (NDB).

ব্যাখ্যা: BRICS এর উদ্যোগে ২০১৪ সালে NDB গঠন করা হয় এবং এর আনুষ্ঠানিক যাত্রা শুরু হয়েছিল ২০১৫ সালের জুলাই মাসে চীনের সাংহাই শহরে। এর সদর দপ্তর চীনের সাংহাইয়ে অবস্থিত। বাংলাদেশ ১৬ সেপ্টেম্বর, ২০২১ সালে যোগ দেয়। এর উদ্যোক্তা দেশ ভারত। IMF এর বিকল্প হিসেবে এটি গঠন করা হয়। ২০১৬ সালে NDB ব্যাংক ১০০ বিলিয়ন ডলার এর মূলধন নিয়ে যাত্রা শুরু করে। NDB এর ১০ম শীর্ষ সম্মেলন অনুষ্ঠিত হয় ২০২৫ সালের ৪-৫ জুলাই ব্রাজিলের রিও ডি জেনেইরোতে।



২৩. নিচের কোন দেশে ২০২২ সালে G-20 বাৎসরিক সম্মেলন অনুষ্ঠিত হবে? [৪০তম বিসিএস]

- (ক) ইতালি (খ) যুক্তরাষ্ট্র
(গ) ভারত (ঘ) ব্রাজিল

উত্তর: Blank.

২৪. সর্বপ্রথম কোথায় ওপেক এর সদর দপ্তর স্থাপিত হয়? [৩৯তম বিসিএস]

- (ক) জেনেভা (খ) ভিয়েনা
(গ) জেদ্দা (ঘ) বাগদাদ

উত্তর: (ক) জেনেভা।

ব্যাখ্যা: Organization of the Petroleum Exporting Countries (OPEC) হলো বিশ্বের তেল রপ্তানিকারক দেশগুলোর জোট। তেলের উৎপাদন এবং মূল্য নিয়ন্ত্রণের লক্ষ্যে বাগদাদে ১৪ সেপ্টেম্বর, ১৯৬০ সালে দক্ষিণ আমেরিকার তেলসমৃদ্ধ দেশ ভেনেজুয়েলার উদ্যোগে OPEC গঠন করা হয়। এর প্রতিষ্ঠাকালীন সদস্যদেশ ছিল ৫টি (ইরাক, ইরান, সৌদি আরব, কুয়েত ও ভেনেজুয়েলা) এবং বর্তমান সদস্য ১২টি (প্রতিষ্ঠাকালীন ৫টি + লিবিয়া, সংযুক্ত আরব আমিরাত, নাইজেরিয়া, আলজেরিয়া, নিরক্ষীয় গিনি, কঙ্গো ও গ্যাবন)। সর্বশেষ অ্যাঙ্গোলা ২০২৪ সালে পদত্যাগ করে। একমাত্র অ-আরবীয় সদস্য এশীয় দেশ ইরান। প্রতিষ্ঠাকালীন এ সংস্থার সদর দপ্তর ছিল সুইজারল্যান্ডের জেনেভায়। পরবর্তীতে ১৯৬৫ সালে সদর দপ্তর স্থানান্তরিত হয় অস্ট্রিয়ার ভিয়েনায়।

- তেল মজুদে শীর্ষ দেশ- ভেনেজুয়েলা
- তেল উৎপাদন ও ব্যবহারে শীর্ষ দেশ- যুক্তরাষ্ট্র
- তেল রপ্তানিতে শীর্ষ দেশ- সৌদি আরব
- তেল আমদানিতে শীর্ষ দেশ- চীন।

২৫. ২০১৮ সালে অনুষ্ঠিত জি-সেভেন শীর্ষ সম্মেলনের পর যৌথ ঘোষণার স্বাক্ষর প্রদানে কোন দেশ বিরত ছিল? [৩৯তম বিসিএস]

- (ক) যুক্তরাষ্ট্র (খ) ফ্রান্স
(গ) জার্মানি (ঘ) ইতালি

উত্তর: (ক) যুক্তরাষ্ট্র।

ব্যাখ্যা: ২০১৮ সালে কানাডার কুইবেক অঙ্গরাজ্যের লা মালাবে শহরে অনুষ্ঠিত জি-৭ এর ৪৪তম সম্মেলনের পর গৃহীত যৌথ ঘোষণায় স্বাক্ষর প্রদানে যুক্তরাষ্ট্র বিরত ছিল। G-7 গঠনের উদ্যোগ গ্রহণ করা হয় ১৯৭৩ সালে এবং ১৯৭৫ সালে প্রতিষ্ঠা লাভ করে। এটি মূলত শিল্পোন্নত দেশগুলির রাজনৈতিক ও অর্থনৈতিক জোট। বিশ্বের শিল্পোন্নত দেশগুলোর সরকার প্রধান এবং মন্ত্রীদের নিয়ে প্রথম সম্মেলন অনুষ্ঠিত হয় ১৯৭৫ সালে ফ্রান্সে। এর সদস্য সংখ্যা ৭টি। G-7 ভুক্ত দেশগুলি হলো- ইতালি, কানাডা, ফ্রান্স, জার্মানি, জাপান, যুক্তরাজ্য ও যুক্তরাষ্ট্র। ১৯৯৭ সালে রাশিয়াকে অন্তর্ভুক্ত করা হয় ফলে G-7 এর নামকরণ করা হয় G-৮। এবং পরবর্তীতে ২০১৪ সালে ক্রিমিয়া দখলের অজুহাতে রাশিয়াকে G-7 থেকে বাদ দেওয়া হয়।

G-7 এর ৫১তম সম্মেলন অনুষ্ঠিত হয় ১৬-১৭ জুন, ২০২৫ সালে কানাডাতে। এর পরবর্তী সম্মেলন অনুষ্ঠিত হবে ১৪-১৬ জুন ২০২৬ সালে ফ্রান্সে। এর একমাত্র এশীয় সদস্য দেশ জাপান। এর কোনো সদর দপ্তর নেই।

২৬. যুক্তরাষ্ট্রের রপ্তানি বাণিজ্যের বৃহত্তম বাজার কোথায়?

[৩৯তম বিসিএস]

- (ক) ইইউ (খ) ভারত
(গ) কানাডা (ঘ) চীন

উত্তর: (গ) কানাডা।

২৭. BRICS এর সদর দপ্তর কোথায়? [৩৭তম বিসিএস]

- (ক) সাংহাই (খ) মস্কো
(গ) প্রিটোরিয়া (ঘ) নয়াদিল্লী

উত্তর: Blank.

ব্যাখ্যা: BRICS এর কোনো সদর দপ্তর নেই। BRICS হলো Brazil, Russia, India, China, South Africa এই ৫টি দেশের সমন্বয়ে গঠিত বিশ্বের বৃহত্তম অর্থনৈতিক জোটগুলোর একটি। ২০০১ সালে Goldman Sachs এর চেয়ারম্যান Jim O'nil সর্বপ্রথম BRIC সম্পর্কে ধারণা দেন। ২০০৬ সালের সেপ্টেম্বর ব্রাজিল, রাশিয়া, ইন্ডিয়া ও চীনের পররাষ্ট্রমন্ত্রীর নিউইয়র্কে মিলিত হয়ে আনুষ্ঠানিকভাবে BRIC গঠনের ঘোষণা দেন। ২০২৩ সালে নতুন ৬টি দেশের (মিশর, ইথিওপিয়া, ইরান, সংযুক্ত আরব আমিরাত, সৌদি আরব ও আর্জেন্টিনা) অনুমোদন দেওয়া হয়। পরবর্তীতে ২০২৪ সালে আর্জেন্টিনা যোগদানে অস্বীকৃতি জানায়। BRICS এর সর্বশেষ ১৭তম সম্মেলন অনুষ্ঠিত হয় ব্রাজিলের রিও ডি জেনেইরো শহরে ৬-৭ জুলাই, ২০২৫ সালে। ২০২৬ সালে ১৮তম সম্মেলন অনুষ্ঠিত হবে ভারতে।

২৮. IMF-এর সদর দপ্তর অবস্থিত- [৩৭তম, ১০তম বিসিএস]

- (ক) ওয়াশিংটন ডিসি (খ) নিউইয়র্ক
(গ) জেনেভা (ঘ) রোম

উত্তর: (ক) ওয়াশিংটন ডিসি।

২৯. SDR (Special Drawing Rights) সুবিধা প্রবর্তনের জন্য কত সালে IMF এর গঠনতন্ত্র (Articles) সংশোধন করা হয়েছিল? [৩৭তম বিসিএস]

- (ক) ১৯৬৯ (খ) ১৯৭১
(গ) ১৯৭৫ (ঘ) ১৯৭৮

উত্তর: (ক) ১৯৬৯।

৩০. বিশ্বব্যাংক সংশ্লিষ্ট কোন সংস্থাটি স্বল্প আয়ের উন্নয়নশীল দেশে বেসরকারি খাতে আর্থিক সহায়তা ও উপদেশ দিয়ে থাকে? [৩৭তম বিসিএস]

- (ক) IFC (খ) IBRD
(গ) MIGA (ঘ) ICSID

উত্তর: (ক) IFC.



ব্যাখ্যা: World Bank বা বিশ্বব্যাংকের ৫টি অঙ্গসংগঠন হলো-

১. IBRD (১৯৪৪): এটি ১৯৪৪ সালে প্রতিষ্ঠিত হলেও এর কার্যক্রম শুরু হয় ১৯৪৬ সালে। এর সদস্য সংখ্যা ১৮৯টি। এটি বিশ্বব্যাংকের মূল কার্যক্রম পরিচালনা করে। বিভিন্ন দেশের বাণিজ্য ভারসাম্য নিয়ে কাজ করে। এছাড়াও নিম্ন ও মধ্য আয়ের দেশগুলোতে ঋণ প্রদান করে থাকে।

২. IFC (১৯৫৬): এর পূর্ণরূপ International Finance Corporation. এটি উন্নয়নশীল দেশসমূহের বেসরকারিখাতে ঋণ প্রদান করে থাকে।

৩. IDA (১৯৬০): এর পূর্ণরূপ International Development Association। এর সদস্য সংখ্যা ১৭৫টি। যে সমস্ত দেশ IBRD থেকে ঋণ পায় না তাদেরকে সহজ শর্তে ঋণ প্রদান করে থাকে যাকে Soft Loan Window বলে।

৪. ICSID (১৯৬৬): এর পূর্ণরূপ International Centre for Settlement of Investment Disputes। এটি বাণিজ্য বিরোধ নিরসন করে। ICSID-এর ১৬৫টি স্বাক্ষরকারী রাষ্ট্র রয়েছে। যার মধ্যে ১৫৮টি রাষ্ট্র চুক্তিবদ্ধ সদস্য।

৫. MIGA (১৯৮৮): এর পূর্ণরূপ Multilateral Investment Guarantee Agency. এর সদস্য সংখ্যা ১৮২টি। এটি বিনিয়োগের গ্যারান্টি দিয়ে থাকে।

৩১. ব্রিকসের সর্বশেষ শীর্ষ বৈঠক অনুষ্ঠিত হয়- [৩৫তম বিসিএস]

(ক) রাশিয়া (খ) ব্রাজিল
(গ) ভারত (ঘ) দক্ষিণ আফ্রিকা

উত্তর: (খ) ব্রাজিল।

৩২. দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর পূর্ব-পশ্চিম দ্বন্দের ফলে সৃষ্ট পূর্বের অর্থনৈতিক জোটটির নাম ছিল- [৩৫তম বিসিএস]

(ক) কমিন্টার্ন (খ) কমিনফর্ম
(গ) কমেকন (ঘ) কোনোটিই নয়

উত্তর: (গ) কমেকন।

ব্যাখ্যা: কমেকন পূর্ব ইউরোপের সমাজতান্ত্রিক দেশগুলোর জোট। সাবেক মার্কিন পররাষ্ট্র সচিব জর্জ মার্শাল দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর ১৯৪৯ সালে কমিউনিজম বিস্তার রোধকল্পে মার্শাল প্ল্যান ঘোষণা করেন। পূর্ব ইউরোপের দেশগুলোতে আর্থিক সহায়তার লক্ষ্যে মার্শাল প্লানের বিপরীতে সাবেক সোভিয়েত ইউনিয়ন ঘোষণা করেন Council for Mutual Economic Assistance (COMECON). স্নায়ুদ্ধকালে গঠিত এই সংগঠনটি ১৯৯১ সালে বিলুপ্ত হয়। এর সদস্য সংখ্যা ছিল ১১টি। এর সদর দপ্তর ছিল মস্কো (রাশিয়া)।

৩৩. EURO is the currency of- [৩৪তম বিসিএস]

(ক) Asia (খ) Europe
(গ) America (ঘ) Africa

উত্তর: (খ) Europe.

ব্যাখ্যা: ১ জানুয়ারি, ১৯৯৯ সালে EU এর একক মুদ্রা ইউরো চালু হয় যার জনক রবার্ট মুন্ডেল। বর্তমানে EU ভুক্ত ২১টি দেশে ইউরো মুদ্রা চালু রয়েছে। সর্বশেষ সদস্য বুলগেরিয়া ২১তম সদস্য দেশ হিসেবে ২০২৬ সালের ১ জানুয়ারি ইউরো মুদ্রা গ্রহণ করে। সুইডেন ও ডেনমার্ক ইউরো মুদ্রা গ্রহণ করেনি।

৩৪. IMF (International Monetary Fund) is the result of- [৩৪তম বিসিএস]

(ক) Hawana Conference
(খ) Geneva Conference
(গ) Rome Conference
(ঘ) Brettonwood Conference

উত্তর: (ঘ) Brettonwood Conference.

৩৫. কোনটি D-৮ ভুক্ত দেশ নয়? [৩৪তম বিসিএস]

(ক) নাইজেরিয়া (খ) ভারত
(গ) মালয়েশিয়া (ঘ) তুরস্ক

উত্তর: (খ) ভারত।

৩৬. বিশ্বের সবচেয়ে বড় অর্থনৈতিক জোট কোনটি? [৩০তম বিসিএস]

(ক) EU (খ) WTO
(গ) NATO (ঘ) FIFA

উত্তর: (ক) EU.

ব্যাখ্যা: বিশ্বের সবচেয়ে বড় অর্থনৈতিক জোট EU. এছাড়াও বিশ্বের সবচেয়ে বড় বাণিজ্যিক জোট WTO এবং বিশ্বের বৃহত্তম আঞ্চলিক মুক্ত বাণিজ্যিক জোট RCEP.

৩৭. নিম্নের কোন দেশটি G-৮ এর সদস্য নয়? [৩০তম বিসিএস]

(ক) জাপান (খ) যুক্তরাজ্য
(গ) ফ্রান্স (ঘ) সুইডেন

উত্তর: (ঘ) সুইডেন।

৩৮. ইউরোপীয় ইউনিয়নের সদর দপ্তর কোথায় অবস্থিত? [২৯তম, ২৪তম (বাতিল) বিসিএস]

(ক) লন্ডন (খ) ব্রাসেলস
(গ) বন (ঘ) প্যারিস

উত্তর: (খ) ব্রাসেলস।

৩৯. ইউরো মুদ্রা কখন চালু হয়? [২৬তম, ২০তম বিসিএস]

(ক) ১ জানুয়ারি, ১৯৯৯ (খ) ১ জুলাই, ১৯৯৯
(গ) ১ মার্চ, ২০০০ (ঘ) ১ জুলাই, ২০০০

উত্তর: (ক) ১ জানুয়ারি, ১৯৯৯।

৪০. উরুগুয়ে রাউন্ডের সংলাপ কত বছর ধরে চলেছিল? [২৬তম বিসিএস]

(ক) ২ বছর (খ) ৮ বছর
(গ) ৫ বছর (ঘ) ৬ বছর

উত্তর: (খ) ৮ বছর।

ব্যাখ্যা: GATT চুক্তির দুর্বলতা ও সমস্যা সমাধানের জন্য ১৯৪৭ থেকে ১৯৯৩ সাল পর্যন্ত ৮ রাউন্ড আলোচনা সম্পন্ন হয়। এর মধ্যে সবচেয়ে গুরুত্বপূর্ণ হলো উরুগুয়ে রাউন্ড যা শুরু হয় ১৯৮৬ সাল থেকে। GATT চুক্তি সংশোধনের মধ্য দিয়ে ১৯৯৪ সালে দীর্ঘ ৮ বছর ধরে চলা উরুগুয়ে রাউন্ডের সমাপ্তি ঘটে।

৪১. বিশ্বব্যাংকের SOFT LOAN WINDOW হলো- [২৬তম, ১৫তম বিসিএস]

(ক) MIGA (খ) IBRD
(গ) IDA (ঘ) IFC

উত্তর: (গ) IDA.



৪২. অভিন্ন ইউরোপ গঠনের লক্ষ্যে ম্যাসট্রিষ্ট চুক্তি অনুমোদনের জন্য কোন দেশ দুবার গণভোটের আয়োজন করেছিল?

[২৬তম বিসিএস]

- (ক) লুক্সেমবার্গ (খ) আয়ারল্যান্ড
(গ) গ্রিস (ঘ) ডেনমার্ক

উত্তর: (ঘ) ডেনমার্ক।

ব্যাখ্যা: অভিন্ন ইউরোপ গঠনের লক্ষ্যে ম্যাসট্রিষ্ট চুক্তি অনুমোদনের জন্য ডেনমার্ক প্রথম ২ জুন ১৯৯২ এবং দ্বিতীয় ১৮ মে ১৯৯৩ মোট দুইবার গণভোটের আয়োজন করেছিল।

৪৩. ওপেকভুক্ত অ-আরব মুসলিম দেশ কোনটি?

[২৪তম বিসিএস (বাতিল)]

- (ক) ইন্দোনেশিয়া (খ) মালয়েশিয়া
(গ) ইরাক (ঘ) ইরান

উত্তর: (ঘ) ইরান।

৪৪. নিচের কোন দেশটি G-৪ ভুক্ত দেশ নয়? [২৪তম বিসিএস]

- (ক) ফ্রান্স (খ) যুক্তরাজ্য
(গ) রাশিয়া (ঘ) দি নেদারল্যান্ডস

উত্তর: (ঘ) দি নেদারল্যান্ডস।

৪৫. MIGA কখন গঠিত হয়? [২৪তম বিসিএস]

- (ক) ১৯৮০ সালে (খ) ১৯৮২ সালে
(গ) ১৯৮৫ সালে (ঘ) ১৯৮৬ সালে

উত্তর: Blank.

ব্যাখ্যা: ১২ এপ্রিল, ১৯৮৮ সালে গঠিত হয়। কিন্তু MIGA CONVENTION তৈরি হয় ১৯৮৫ সালে।

৪৬. বিশ্ব বাণিজ্য সংস্থার (WTO) পঞ্চম মিনিষ্টারিয়াল কনফারেন্স কোথায় এবং কখন অনুষ্ঠিত হবে?

[২৪তম বিসিএস]

- (ক) নভেম্বর ২০০৩ ভারতের ব্যাঙ্গালোর
(খ) ডিসেম্বর ২০০৩ কানাডার অটোয়া
(গ) জানুয়ারি ২০০৪ পাকিস্তানের ইসলামাবাদ
(ঘ) সেপ্টেম্বর ২০০৩ মেক্সিকোর কানকুন

উত্তর: (ঘ) সেপ্টেম্বর ২০০৩ মেক্সিকোর কানকুন।

ব্যাখ্যা: বিশ্ব বাণিজ্য সংস্থার (WTO) পঞ্চম মিনিষ্টারিয়াল কনফারেন্স মেক্সিকোর পর্যটন নগরী কানকুনে ২০০৩ সালের ১০-১৪ সেপ্টেম্বর অনুষ্ঠিত হয়। ধনী ও দরিদ্র দেশগুলোর ব্যবধান হ্রাসকল্পে কোনো সিদ্ধান্ত ছাড়াই সম্মেলনের সমাপ্তি ঘটে। বিশ্ব বাণিজ্য সংস্থার (WTO) ১৪তম মিনিষ্টারিয়াল কনফারেন্স ২৬ থেকে ২৯ মার্চ, ২০২৬, ইয়াউন্ডে, ক্যামেরুনে অনুষ্ঠিত হবে।

৪৭. 'ব্রেটন উডস ইনস্টিটিউট' নিচের কোন সংস্থাকে বোঝায়?

[২৪তম বিসিএস]

- (ক) আইএমএফ (খ) বিশ্বব্যাংক
(গ) এডিবি (ঘ) আইডিবি

উত্তর: ক ও খ উভয়ই

ব্যাখ্যা: আইএমএফ ও বিশ্বব্যাংক উভয়ই ব্রেটন উডস ইনস্টিটিউট।

৪৮. কোন চুক্তির মাধ্যমে ইইসি (EEC) প্রতিষ্ঠা লাভ করে?

[২৪তম বিসিএস]

- (ক) রোম চুক্তি
(খ) ম্যাসট্রিষ্ট চুক্তি
(গ) ভিয়েনা কনভেনশন
(ঘ) ব্রাসেলস্ কনভেনশন

উত্তর: (ক) রোম চুক্তি।

৪৯. IFC বলতে কি বোঝায়? [২৩তম বিসিএস]

- (ক) ইন্টারন্যাশনাল ফিন্যান্স করপোরেশন
(খ) ইন্টারন্যাশনাল ফিন্যান্স ক্যাপিটাল
(গ) ইন্টারন্যাশনাল ফুড করপোরেশন
(ঘ) এগুলোর কোনোটিই নয়

উত্তর: (ক) ইন্টারন্যাশনাল ফিন্যান্স করপোরেশন।

৫০. ইসলামী উন্নয়ন ব্যাংকের সদর দপ্তর কোথায় অবস্থিত?

[২৩তম বিসিএস]

- (ক) রিয়াদ (খ) কায়রো
(গ) কুয়েত (ঘ) জেদ্দা

উত্তর: (ঘ) জেদ্দা।

ব্যাখ্যা: Islamic Development Bank (IDB) গঠিত হয় ১৯৭৩ সালে বিনা সুদে ঋণ প্রদান, অংশীদারি বিনিয়োগ ও ইকুইটি লাইন প্রভৃতি মূলনীতির উপর ভিত্তি করে। এর কার্যক্রম শুরু হয় ১৯৭৫ সালে। এর প্রতিষ্ঠাকালীন সদস্য ছিল ২২টি। বর্তমান সদস্য সংখ্যা ৫৭টি। এর সদর দপ্তর জেদ্দা (সৌদি আরব)। এর লেনদেন শুরু হয় ১৯৭৬ সালে। IDB এর সদস্য লাভের পূর্বশর্ত হলো OIC এর সদস্য হওয়া। বাংলাদেশ ১৯৭৪ সালের ১২ আগস্ট যোগদান করে। IDB থেকে প্রথম ঋণ গ্রহণ করে বাংলাদেশ (২২.২৯ বিলিয়ন ডলার)। বাংলাদেশের চাঁদার পরিমাণ ১০ মিলিয়ন ইসলামিক দিনার।

৫১. গ্রুপ-৭৭ কোন ধরনের দেশ নিয়ে গঠিত? [২১তম বিসিএস]

- (ক) উন্নত (খ) উন্নয়নশীল
(গ) ঔপনিবেশিক (ঘ) অনুন্নত

উত্তর: (খ) উন্নয়নশীল।

৫২. OPEC ভুক্ত দেশ কয়টি? [২১তম বিসিএস]

- (ক) ১০টি (খ) ১১টি
(গ) ৮টি (ঘ) ১২টি

উত্তর: (ঘ) ১২টি।

৫৩. এশীয় উন্নয়ন ব্যাংকের প্রধান কার্যালয় কোথায়?

[১৯তম বিসিএস]

- (ক) ব্যাংকক (খ) সিঙ্গাপুর
(গ) টোকিও (ঘ) ম্যানিলা

উত্তর: (ঘ) ম্যানিলা।

ব্যাখ্যা: Asian Development Bank (ADB) প্রতিষ্ঠিত হয় ২২ আগস্ট, ১৯৬৬ সালে। এর প্রতিষ্ঠাকালীন সদস্য ছিল ৩১টি এবং বর্তমান সদস্য ৬৯টি। এর সদর দপ্তর ম্যানিলা (ফিলিপাইন)। বাংলাদেশ এর সদস্যপদ লাভ করে ১৯৭৩ সালে। ADB এর প্রেসিডেন্ট সবসময় একজন জাপানিজ হবেন। ১৯ ডিসেম্বর, ১৯৬৬ সাল থেকে আনুষ্ঠানিক লেনদেন শুরু হয়।



৫৪. বেনেলক্স (BENELUX) বলতে যে দেশগুলোকে বুঝায়- [১৭তম বিসিএস]

- (ক) সুইডেন, নরওয়ে, ফিনল্যান্ড
(খ) চেক প্রজাতন্ত্র, পোল্যান্ড, জার্মানি
(গ) বেলজিয়াম, নেদারল্যান্ড, লুক্সেমবার্গ
(ঘ) ইংল্যান্ড, আইরিশ প্রজাতন্ত্র, ফ্রান্স

উত্তর: (গ) বেলজিয়াম, নেদারল্যান্ড, লুক্সেমবার্গ।

ব্যাখ্যা: Belgium, Netherlands & Luxemburg (BENELUX) হলো পশ্চিম ইউরোপের ৩টি প্রতিবেশী দেশের অর্থনৈতিক এবং রাজনৈতিক জোট। এটি প্রতিষ্ঠিত হয় ১৯৫৮ সালে। এর সদর দপ্তর বেলজিয়ামের ব্রাসেলসে অবস্থিত।

৫৫. ওপেকভুক্ত একমাত্র অ-আরব এশীয় দেশ- [১৭তম বিসিএস]

- (ক) ইন্দোনেশিয়া (খ) মালয়েশিয়া
(গ) থাইল্যান্ড (ঘ) ফিলিপাইন

উত্তর: Blank.

ব্যাখ্যা: এশীয় দেশ ইন্দোনেশিয়া ও কাতার ওপেকের সদস্য ত্যাগ করায় OPEC ভুক্ত অ-আরব এশীয় দেশ এখন একটি- ইরান।

৫৬. আন্তর্জাতিক অর্থ তহবিল (IMF) কবে হতে এর কার্যক্রম শুরু করে? [১৬তম বিসিএস]

- (ক) ১৯৪৫ সাল হতে
(খ) ১৯৪৬ সাল হতে
(গ) ১৯৪৭ সাল হতে
(ঘ) ১৯৪৮ সাল হতে

উত্তর: (গ) ১৯৪৭ সাল হতে।

৫৭. The World Economic Forum কর্তৃক নির্ধারিত International Competitiveness Ranking-এ ১৯৯৩ সালে কোন দেশ সর্বোচ্চ স্থান অধিকার করেছে? [১৫তম বিসিএস]

- (ক) যুক্তরাষ্ট্র (খ) জাপান
(গ) জার্মানি (ঘ) দক্ষিণ কোরিয়া

উত্তর: (ঘ) দক্ষিণ কোরিয়া।

৫৮. ইসলামিক উন্নয়ন ব্যাংককে (IDB) দেয়া বাংলাদেশের চাঁদার হার কত? [১৫তম বিসিএস]

- (ক) ২৫.০ মিলিয়ন ইসলামিক দিনার
(খ) ১৫.৫ মিলিয়ন ইসলামিক দিনার
(গ) ১০.০ মিলিয়ন ইসলামিক দিনার
(ঘ) কোনো চাঁদা দিতে হয় না

উত্তর: (গ) ১০.০ মিলিয়ন ইসলামিক দিনার।

৫৯. নিচের কোন দেশটি Group of Seven (G-7) এর সদস্য নয়? [১৫তম বিসিএস]

- (ক) কানাডা (খ) ইতালি
(গ) সুইডেন (ঘ) জাপান

উত্তর: (গ) সুইডেন।

৬০. কোনটি বিশ্বব্যাংকের অঙ্গ প্রতিষ্ঠান নয়? [১৪তম বিসিএস]

- (ক) IBRD (খ) IDA
(গ) IMF (ঘ) IFC

উত্তর: (গ) IMF.

৬১. কখন থেকে এশিয়া উন্নয়ন ব্যাংকের লেনদেন শুরু হয়?

[১৪তম, ১৩তম বিসিএস]

- (ক) ১৯৬৫ সালে (খ) ১৯৬৬ সালে
(গ) ১৯৬৭ সালে (ঘ) ১৯৬৮ সালে

উত্তর: (খ) ১৯৬৬ সালে।

৬২. কোন দেশ প্রথম ওপেক (OPEC) সংঘ প্রতিষ্ঠার উদ্যোগ গ্রহণ করেছিল? [১৩তম বিসিএস]

- (ক) কুয়েত (খ) নাইজেরিয়া
(গ) সৌদি আরব (ঘ) ভেনিজুয়েলা

উত্তর: (ঘ) ভেনিজুয়েলা।

৬৩. ‘জেনারেল অ্যাগ্রিমেন্ট অন ট্যারিফ অ্যান্ড ট্রেড’ (GATT) একমাত্র বহুমুখী সহায়ক সংস্থা হিসেবে বর্তমানে বিশ্ব বাণিজ্যের কত অংশের সমন্বয় সাধন করে থাকে? [১৩তম বিসিএস]

- (ক) প্রায় ৭৫ শতাংশ
(খ) প্রায় ৮০ শতাংশ
(গ) প্রায় ৮৫ শতাংশ
(ঘ) প্রায় ৯০ শতাংশ

উত্তর: (ঘ) প্রায় ৯০ শতাংশ।

ব্যাখ্যা: GATT ১৯৪৮ সালে প্রতিষ্ঠিত হয়। ১ জানুয়ারি, ১৯৯৫ এটি WTO-এ রূপান্তরিত হয়। WTO সদস্য দেশগুলো বাণিজ্য সংক্রান্ত বিরোধ দূরীকরণ এবং বিশ্বব্যাপী বাণিজ্যিক সমস্যা সমাধানে ভূমিকা পালন করে। বর্তমানে এটি বিশ্ব বাণিজ্যের ৯০ শতাংশের বেশি অংশের তদারকি করে থাকে।

৬৪. ইসলামী উন্নয়ন ব্যাংক ঋণ প্রদান করে- [১১তম বিসিএস]

- (ক) স্বাভাবিক সুদে (খ) বিনা সুদে
(গ) অল্প সুদে (ঘ) অতি সামান্য সুদে

উত্তর: (খ) বিনা সুদে।

৬৫. আফটা (AFTA) বলতে কি বোঝায়- [১১তম বিসিএস]

- (ক) একটি বাণিজ্যিক গোষ্ঠী
(খ) পূর্ব আফ্রিকার একটি সংবাদ সংস্থা
(গ) একটি বিমান সংস্থা
(ঘ) একটি সামরিক চুক্তি

উত্তর: (ক) একটি বাণিজ্যিক গোষ্ঠী।

ব্যাখ্যা: ASEAN Free Trade Area (AFTA) হলো দক্ষিণ-পূর্ব এশিয়ার আসিয়ানভুক্ত দেশগুলোর মধ্যে স্বাক্ষরিত মুক্ত বাণিজ্য চুক্তি। AFTA চুক্তি স্বাক্ষরিত হয় আসিয়ানের ৪র্থ সম্মেলনে ১৯৯২ সালের ২৮ জানুয়ারিতে। এটি কার্যকর হয় ১৯৯৩ সালের ১ জানুয়ারি। এর বর্তমান সদস্য সংখ্যা ১০টি।



২.৩

বৈশ্বিক আঞ্চলিক সংস্থা

০১. আফ্রিকান উন্নয়ন ব্যাংকের সদর দপ্তর _____ অবস্থিত।
[৫০তম বিসিএস]
(ক) নাইরোবি (খ) আবিদজান
(গ) আদিস আবাবা (ঘ) লাগোস
উত্তর: (খ) আবিদজান।
ব্যাখ্যা: আফ্রিকার দেশগুলোর অর্থনৈতিক উন্নয়ন ও দারিদ্র্য হ্রাসের উদ্দেশ্যে ১৯৬৪ সালে আফ্রিকান উন্নয়ন ব্যাংক প্রতিষ্ঠিত হয়। এর সদর দপ্তর আবিদজান। এর সদস্য সংখ্যা ৮১ টি, যার মধ্যে আফ্রিকার দেশ রয়েছে ৫৫ টি।
০২. কোন প্রাক্তন রাষ্ট্রপ্রধান প্রথম ‘ইন্দো-প্যাসিফিক’ (Indo-Pacific) শব্দটি জনপ্রিয় করেন?
[৫০তম বিসিএস]
(ক) ডোনাল্ড ট্রাম্প (খ) শিনজো অ্যাবে
(গ) বারাক ওবামা (ঘ) জর্জ ডব্লিউ বুশ
উত্তর: (খ) শিনজো অ্যাবে।
ব্যাখ্যা: ভারত মহাসাগর ও প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে উন্মুক্ত এবং শান্তিপূর্ণ আন্তর্জাতিক ব্যবস্থা বজায় রাখার লক্ষ্যে জাপানের সাবেক প্রধানমন্ত্রী শিনজো অ্যাবে ইন্দো-প্যাসিফিক ধারণাটিকে জনপ্রিয় করে তোলেন। পরবর্তীতে যুক্তরাষ্ট্র, অস্ট্রেলিয়া, ভারত ও অন্যান্য দেশে এই বিষয়ক নীতি নির্ধারিত হয়।
০৩. ‘সাফটা’ (SAFTA) চুক্তি কত সালে সম্পাদিত হয়?
[৪৮তম বিসিএস (স্বাস্থ্য)]
(ক) ১৯৯৮ (খ) ২০০২
(গ) ২০০৪ (ঘ) ২০০৯
উত্তর: (গ) ২০০৪।
ব্যাখ্যা: SAFTA এর পূর্ণরূপ South Asia Free Trade Area. সাফটা (SAFTA) চুক্তি স্বাক্ষরিত হয় ২০০৪ সালে তবে সাফটা (SAFTA) চুক্তি কার্যকর হয় ২০০৬ সালে।
০৪. নিচের কোন দেশটি ASEAN জোটভুক্ত নয়?
[৪৪তম বিসিএস]
(ক) লাওস (খ) হংকং
(গ) ভিয়েতনাম (ঘ) কম্বোডিয়া
উত্তর: (খ) হংকং।
ব্যাখ্যা: Association of South East Asian Nations (ASEAN) ১৯৬৭ সালের ৮ আগস্ট ইন্দোনেশিয়া, মালয়েশিয়া, ফিলিপাইন, সিঙ্গাপুর, থাইল্যান্ড এই ৫টি দেশের পররাষ্ট্রমন্ত্রীদের সম্মেলনে গঠিত দক্ষিণ-পূর্ব এশিয়ার রাজনৈতিক ও অর্থনৈতিক সংস্থা। এর সদর দপ্তর জাকার্তা, ইন্দোনেশিয়া। এর বর্তমান সদস্য ১১টি। যথা: ইন্দোনেশিয়া, মালয়েশিয়া, ফিলিপাইন, সিঙ্গাপুর, থাইল্যান্ড, ব্রুনাই, কম্বোডিয়া, লাওস, ভিয়েতনাম, মিয়ানমার ও পূর্ব তিমুর। বর্তমানে একমাত্র আসিয়ানের পরিদর্শক রাষ্ট্র পাপুয়া নিউগিনি। ASEAN এর অঙ্গসংগঠন ২টি (ARF ও AFTA)। এর উদ্দেশ্য হলো কমিউনিজমের ভয় থেকে নিরাপদ থাকা। দক্ষিণ-পূর্ব এশিয়ায় যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রনীতি হলো ASEAN কে সমর্থন করা। আসিয়ানের সাথে চীন, জাপান ও দক্ষিণ কোরিয়া মিলে ১৯৯৭ সালে গঠিত হয় ASEAN+3। ২৬-২৮ অক্টোবর ২০২৫ মালয়েশিয়ার কুয়ালালামপুরে ৪৭তম ASEAN শীর্ষ সম্মেলন অনুষ্ঠিত হয়।

০৫. বঙ্গবন্ধু কত সালে এবং কোন শহরে জোট নিরপেক্ষ আন্দোলনের শীর্ষ সম্মেলনে অংশগ্রহণ করেন?
[৪২তম বিসিএস]
(ক) ১৯৭২, কায়রো
(খ) ১৯৭৪, নয়া দিল্লী
(গ) ১৯৭৫, বেলগ্রেড
(ঘ) ১৯৭৩, আলজিয়ার্স
উত্তর: (ঘ) ১৯৭৩, আলজিয়ার্স।
ব্যাখ্যা: জোট নিরপেক্ষ আন্দোলন বা Non-Aligned Movement (NAM) গঠনের সিদ্ধান্ত নেওয়া হয় ১৯৫৫ সালে ইন্দোনেশিয়ার রাজধানী বান্দুং সম্মেলনে। ১৯৬১ সালে প্রথম শীর্ষ সম্মেলন অনুষ্ঠিত হয় যুগোস্লাভিয়ার রাজধানী বেলগ্রেডে। ১৯৭৩ সালে আলজিয়ার্সে অনুষ্ঠিত NAM এর ৪র্থ সম্মেলনে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান প্রথমবারের মতো যোগ দেন। সর্বশেষ ১৯তম সম্মেলন অনুষ্ঠিত হয় ২০২৪ সালে উগান্ডার কাম্পালাতে। NAM গঠনে উপস্থিত ছিলেন ভারতের জহরলাল নেহেরু, যুগোস্লাভিয়ার যোসেফ মার্শাল টিটো, ইন্দোনেশিয়ার আহমদ সুকর্ণ, ঘানার নক্রুমা, মিশরের জামাল আবেল নাসের। এর কোনো সদর দপ্তর নেই। NAM এর শীর্ষ সম্মেলন অনুষ্ঠিত হয় ৩ বছর পরপর। এর বর্তমান সদস্য সংখ্যা ১২১টি, পর্যবেক্ষক দেশ ১৮টি এবং ১০টি পর্যবেক্ষক সংস্থা।
০৬. সার্ক দুর্যোগ ব্যবস্থাপনা কেন্দ্র কোথায় অবস্থিত?
[৪০তম, ৩৭তম বিসিএস]
(ক) নয়াদিল্লি (খ) কলম্বো
(গ) ঢাকা (ঘ) কাঠমাণ্ডু
উত্তর: Blank.
ব্যাখ্যা: বর্তমানে সার্ক দুর্যোগ ব্যবস্থাপনা কেন্দ্রটি ভারতের গুজরাটের গান্ধিনগরে অবস্থিত।
০৭. নিচের কোন সংস্থাটির সচিবালয় বাংলাদেশে অবস্থিত?
[৪০তম বিসিএস]
(ক) BIMSTEC (খ) CICA
(গ) IORA (ঘ) SAARC
উত্তর: (ক) BIMSTEC.
ব্যাখ্যা: Bay of Bengal Initiative for Multi-Sectoral Technical and Economic Cooperation (BIMSTEC) হলো বঙ্গোপসাগরীয় অঞ্চলের একটি অর্থনৈতিক জোট। এটি গঠিত হয় ১৯৯৭ সালে। এর প্রতিষ্ঠাকালীন সদস্য ৪টি (বাংলাদেশ, ভারত, শ্রীলঙ্কা ও থাইল্যান্ড)। এর বর্তমান সদস্য ৭টি (প্রতিষ্ঠাকালীন ৪টি + মিয়ানমার, নেপাল ও ভুটান)। এর সদর দপ্তর ঢাকা, বাংলাদেশ। BIMSTEC এর সহযোগিতার ক্ষেত্র ১৪টি। বাংলাদেশের জন্য অগ্রাধিকার খাত হলো Trade and Investment and Climate change.



০৮. নিচের কোন সংস্থাটির স্থায়ী সদর দপ্তর নেই?

[৪০তম বিসিএস]

- (ক) NATO (খ) NAM
(গ) EU (ঘ) ASEAN

উত্তর: (খ) NAM.

০৯. সার্কের সদর দপ্তর কোথায়? [৩৮তম, ২৯তম বিসিএস]

- (ক) ঢাকা (খ) নয়াদিল্লী
(গ) কলম্বো (ঘ) কাঠমান্ডু

উত্তর: (ঘ) কাঠমান্ডু।

ব্যাখ্যা: South Asian Association for Regional Co-operation (SAARC) হলো দক্ষিণ এশিয়ার একটি আঞ্চলিক সংস্থা। SAARC এর উদ্যোক্তা বাংলাদেশের সাবেক প্রেসিডেন্ট জিয়াউর রহমান। ৮ ডিসেম্বর, ১৯৮৫ সালে ৭টি সদস্য রাষ্ট্র বাংলাদেশ, ভারত, পাকিস্তান, শ্রীলঙ্কা, মালদ্বীপ, নেপাল ও ভুটানের সমন্বয়ে এটি গঠিত হয়। ২০০৭ সালে আফগানিস্তান যোগদান করে। এর বর্তমান সদস্য সংখ্যা ৮টি। এর সদর দপ্তর কাঠমান্ডু, নেপাল। সার্কের ১ম মহাসচিব আবুল হাসান (বাংলাদেশ)। বর্তমান ১৫তম মহাসচিব মোহাম্মদ গোলাম সারোয়ার (বাংলাদেশ)। দ্বিপাক্ষিক সমস্যা নিয়ে আলোচনা হয় না এবং প্রস্তাব পাশ হয় ১০০ ভাগ হ্যাঁ ভোটে। সার্কের বিভিন্ন প্রতিষ্ঠানের আঞ্চলিক কেন্দ্রসমূহ:

প্রতিষ্ঠান	সদর দপ্তর
সার্ক কৃষি এবং সার্ক আবহাওয়া গবেষণা কেন্দ্র	ঢাকা, বাংলাদেশ
সার্ক দুর্যোগ গবেষণা কেন্দ্র	গুজরাট, ভারত
সার্ক যক্ষ্মা ও এইডস কেন্দ্র	কাঠমান্ডু, নেপাল
সার্ক সাংস্কৃতিক কেন্দ্র	কলম্বো, শ্রীলঙ্কা
সার্ক জ্বালানি কেন্দ্র	ইসলামাবাদ, পাকিস্তান
সার্ক বন ও গবেষণা কেন্দ্র	থিম্পু, ভুটান
সার্ক বিশ্ববিদ্যালয়	দিল্লি, ভারত

১০. সার্ক প্রতিষ্ঠিত হয়:

[৩৬তম বিসিএস]

- (ক) ১৯৮২ (খ) ১৯৮৫
(গ) ১৯৮৪ (ঘ) ১৯৮৩

উত্তর: (খ) ১৯৮৫।

১১. আরব লীগ প্রতিষ্ঠা পায়-

[৩৬তম বিসিএস]

- (ক) ১৯৪৯ (খ) ১৯৫০
(গ) ১৯৪৫ (ঘ) ১৯৪০

উত্তর: (গ) ১৯৪৫।

ব্যাখ্যা: Arab League (AL) হলো মধ্যপ্রাচ্যের দেশগুলোর আঞ্চলিক সংগঠন। আরব দেশসমূহের অর্থনৈতিক, রাজনৈতিক, সাংস্কৃতিক ও সামাজিক বন্ধন শক্তিশালী করার উদ্দেশ্যে ১৯৪৫ সালের ২২ মার্চ আরব লীগ গঠিত হয়। এর প্রতিষ্ঠাকালীন সদস্য দেশ ৭টি (মিশর, জর্ডান, ইরাক, সৌদি আরব, লেবানন ও সিরিয়া ও ইয়েমেন)। বর্তমান সদস্য দেশ ২২টি। আরব লীগের ভিত্তি ছিল আলেকজান্দ্রিয়া প্রটোকল। এর সদর দপ্তর মিশরের কায়রোতে অবস্থিত। ২০১১ সালে সিরিয়ার সদস্যপদ স্থগিত করা হয় এবং ২০২৩ সালে পুনরায় সদস্যপদ ফিরে পায়। এর পর্যবেক্ষক দেশ ৫টি। ইরান আরব লীগের সদস্য নয়।

১২. বর্তমানে NAM-এর সদস্য সংখ্যা- [৩৬তম, ২২তম বিসিএস]

- (ক) ৩৩ (খ) ১৫
(গ) ৭৭ (ঘ) ২১

উত্তর: Blank.

ব্যাখ্যা: NAM-এর বর্তমান সদস্য সংখ্যা ১২১টি।

১৩. সার্ক-এর সদস্য দেশ কয়টি? [৩৩তম বিসিএস]

- (ক) ৬ (খ) ৭
(গ) ৮ (ঘ) ৯

উত্তর: (গ) ৮।

১৪. ষোড়শ সার্ক সম্মেলন কোথায় অনুষ্ঠিত হয়? [৩০তম বিসিএস]

- (ক) ঢাকা (খ) কাঠমান্ডু
(গ) থিম্পু (ঘ) মালে

উত্তর: (গ) থিম্পু।

ব্যাখ্যা: ষোড়শ সার্ক সম্মেলন ২৮-২৯ এপ্রিল, ২০১০ ভুটানের রাজধানী থিম্পুতে অনুষ্ঠিত হয়। সার্ক প্রতিষ্ঠার পর ২০১০ সালেই প্রথম ভুটানে সার্ক সম্মেলন অনুষ্ঠিত হয়। সম্মেলনের মূল প্রতিপাদ্য ছিল: ‘সবুজ ও সুখী দক্ষিণ এশিয়ার পথে’। ১৯তম সার্ক শীর্ষ সম্মেলন ২০১৬ সালে পাকিস্তানে অনুষ্ঠিত হওয়ার কথা থাকলেও ভারতসহ সার্কের অন্য রাষ্ট্রগুলো পাকিস্তানে সার্ক সম্মেলন বর্জনের ঘোষণা দেয়ায় সেটি স্থগিত রয়েছে।

১৫. আসিয়ান রিজিওনাল ফোরাম (ARF) এর সদস্য সংখ্যা কত?

[২৭তম বিসিএস]

- (ক) ২১ (খ) ২২
(গ) ২৩ (ঘ) ২৬

উত্তর: Blank.

ব্যাখ্যা: ARF-এর বর্তমান সদস্য সংখ্যা ২৭। সর্বশেষ সদস্য পদ লাভ করে শ্রীলঙ্কা ২০০৭ সালের ১ আগস্ট।

১৬. আরব লীগের প্রতিষ্ঠাতা সদস্য দেশ নয়? [২৫তম বিসিএস]

- (ক) সংযুক্ত আরব আমিরাত (খ) মিশর
(গ) লেবানন (ঘ) ইয়েমেন

উত্তর: (ক) সংযুক্ত আরব আমিরাত।

১৭. জোট নিরপেক্ষ দেশসমূহের প্রথম শীর্ষ সম্মেলন কোথায় অনুষ্ঠিত হয়? [২৫তম বিসিএস]

- (ক) দিল্লি (খ) কায়রো
(গ) বেলগ্রেড (ঘ) জাকার্তা

উত্তর: (গ) বেলগ্রেড।



১৮. SAPTA অর্থ- [২৪তম বিসিএস (বাতিল)]

(ক) SAARC Preferential Trading Arrangement
(খ) South Asian Preferential Trading Arrangement
(গ) SAARC Preferential Tariff Agreement
(ঘ) South Asian Preferential Tariff Agreement
উত্তর: (ক) SAARC Preferential Trading Arrangement.
ব্যাখ্যা: SAARC এর অন্তর্ভুক্ত দেশগুলোর মধ্যে বাণিজ্য সহজীকরণের জন্য গঠিত হয় SAFTA এবং SAPTA। SAPTA হলো SAARC Preferential Trading Arrangement (সার্ক অগ্রাধিকারমূলক বাণিজ্য ব্যবস্থা)। সার্কভুক্ত দেশগুলোর মধ্যে বাণিজ্য সম্প্রসারণ সংক্রান্ত এক প্রকার সমঝোতা চুক্তি। সার্কের ৬ষ্ঠ সম্মেলন SAPTA গঠনের সম্মতি প্রদান করা হয়। এটি স্বাক্ষরিত হয় ১৯৯৩ সালে এবং কার্যকর হয় ১৯৯৫ সালে। অন্যদিকে South Asian Free Trade Area (SAFTA) হলো দক্ষিণ এশিয়ার একটি মুক্ত বাণিজ্য চুক্তি। SAPTA চুক্তির সীমাবদ্ধতাগুলোকে অতিক্রম করার জন্য ২০০৪ সালে এটি স্বাক্ষরিত হয় এবং কার্যকর হয় ২০০৬ সালে।

১৯. Organization of African Unity কত সালে প্রতিষ্ঠিত হয়? [২৩তম বিসিএস]

(ক) ১৯৬০ সালে (খ) ১৯৬২ সালে
(গ) ১৯৬৩ সালে (ঘ) ১৯৬৪ সালে

উত্তর: (গ) ১৯৬৩ সালে।

ব্যাখ্যা: Organization of African Unity (OAU) প্রতিষ্ঠিত হয় ২৫ মে, ১৯৬৩ সালে। এর প্রতিষ্ঠাতা মুয়াম্মার গাদ্দাফি। ২০০২ সালে African Union নামকরণ করা হয়। এর প্রতিষ্ঠাকালীন সদস্য দেশ ৩২টি। এর বর্তমান সদস্য দেশের সংখ্যা ৫৫টি। এর সর্বশেষ সদস্য দেশ দক্ষিণ সুদান। এর সদর দপ্তর আদিস আবাবা, ইথিওপিয়া। আফ্রিকান ইউনিয়নের নিজস্ব শান্তিরক্ষী বাহিনী রয়েছে।

২০. উপসাগরীয় সহযোগিতা পরিষদ (GCC)-এর সদস্য সংখ্যা কত? [২২তম বিসিএস]

(ক) ৬ (খ) ৭
(গ) ৮ (ঘ) ৫

উত্তর: (ক) ৬।

ব্যাখ্যা: Gulf Co-operation council (GCC) হলো পারস্য উপসাগরীয় অঞ্চলের সহযোগিতা সংস্থা। এটি প্রতিষ্ঠিত হয় ১৯৮১ সালে। এর সদর দপ্তর রিয়াদ (সৌদি আরব)। এর সদস্য দেশ ৬টি (ওমান, কুয়েত, কাতার, সৌদি আরব, বাহরাইন, সংযুক্ত আরব আমিরাত)।

২১. BIMSTEC কি ধরনের সংগঠন? [২২তম বিসিএস]

(ক) রাজনৈতিক (খ) অর্থনৈতিক
(গ) বাণিজ্যিক (ঘ) সামাজিক

উত্তর: (খ) অর্থনৈতিক।

২২. সার্ক কোন সালে, কোথায় প্রতিষ্ঠিত হয়?

[২২তম, ২০তম বিসিএস]

(ক) ১৯৮৫ সালে, ঢাকায় (খ) ১৯৮৩ সালে, দিল্লীতে
(গ) ১৯৮৫ সালে, কলম্বোতে (ঘ) ১৯৮৬ সালে, মালেতে
উত্তর: (ক) ১৯৮৫ সালে, ঢাকায়।

২৩. জোট নিরপেক্ষ আন্দোলন (NAM) এর আগামী শীর্ষ সম্মেলন কোন শহরে অনুষ্ঠিত হবে? [২২তম বিসিএস]

(ক) দিল্লী (খ) ভারবান
(গ) ঢাকা (ঘ) জাকার্তা

উত্তর: Blank.

ব্যাখ্যা: সর্বশেষ ১৯তম সম্মেলন অনুষ্ঠিত হয় ২০২৪ সালে উগান্ডার কাম্পালাতে।

২৪. সার্কভুক্ত দেশের মধ্যে শিক্ষিতের হার সর্বাধিক কোন দেশে? [২১তম বিসিএস]

(ক) ভারতে (খ) বাংলাদেশে
(গ) শ্রীলংকায় (ঘ) নেপালে

উত্তর: Blank.

ব্যাখ্যা: মানব উন্নয়ন রিপোর্ট-২০২৪ অনুসারে সার্কভুক্ত দেশগুলোর মধ্যে সাক্ষরতার হার সবচেয়ে বেশি মালদ্বীপে।

২৫. দক্ষিণ এশীয় রাষ্ট্রগুলো কবে সাপটা চুক্তি সই করে? [২১তম বিসিএস]

(ক) ১৯৭৬ সালে (খ) ১৯৮৫ সালে
(গ) ১৯৯৩ সালে (ঘ) ১৯৯৪ সালে

উত্তর: (গ) ১৯৯৩ সালে।

২৬. নিম্নলিখিত কোন আঞ্চলিক/আন্তর্জাতিক প্রতিষ্ঠানটির সদর দপ্তর ঢাকায় অবস্থিত? [২০তম বিসিএস]

(ক) SAARC (খ) APEC
(গ) ADB (ঘ) CIRDAP

উত্তর: (ঘ) CIRDAP.

ব্যাখ্যা: Centre on Integrated Rural Development for the Asia Pacific (CIRDAP) গঠিত হয় ১৯৭৯ সালে। এটি একটি আঞ্চলিক, আন্তঃসরকারি এবং স্বায়ত্তশাসিত একটি সংগঠন। এর সদস্য সংখ্যা ১৫টি। সদর দপ্তর চামেলি হাউজ (ঢাকা)। CIRDAP প্রতিষ্ঠায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে FAO। এর উদ্যোক্তা বাংলাদেশ। এছাড়াও IJSG, BIMSTEC এর সদর দপ্তর ঢাকাতে অবস্থিত।

২৭. সার্ক-এর ষষ্ঠ শীর্ষ সম্মেলন অনুষ্ঠিত হয়েছিল- [১৭তম বিসিএস]

(ক) মালেতে (খ) কলম্বোতে
(গ) বাঙ্গালোরে (ঘ) কাঠমাণ্ডুতে

উত্তর: (খ) কলম্বোতে।

২৮. জোট নিরপেক্ষ আন্দোলনের প্রথম শীর্ষ সম্মেলন কবে অনুষ্ঠিত হয়? [১৭তম বিসিএস]

(ক) হারারে, ১৯৮৯ সালে (খ) বেলগ্রেডে, ১৯৬১ সালে
(গ) হাভানা, ১৯৭৩ সালে (ঘ) কায়রো, ১৯৭০ সালে

উত্তর: (খ) বেলগ্রেডে, ১৯৬১ সালে।



২৯. Asia Pacific Economic Co-operation (APEC) ফোরামের নভেম্বর, ১৯৯৩-এ অনুষ্ঠিত বৈঠকে কোন সদস্য দেশের সরকার প্রধান অনুপস্থিত ছিলেন? [১৬তম বিসিএস]

- (ক) মালয়েশিয়া (খ) ফিলিপাইন
(গ) অস্ট্রেলিয়া (ঘ) জাপান

উত্তর: (ঘ) জাপান।

ব্যাখ্যা: Asia Pacific Economic Co-operation (APEC) প্রতিষ্ঠিত হয় ১৯৮৯ সালে অস্ট্রেলিয়ার ক্যানবেরায়। এর উদ্যোক্তা ছিলেন অস্ট্রেলিয়ার সাবেক প্রধানমন্ত্রী বব হক। এটি প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের একটি বাণিজ্যিক জোট। এর সদর দপ্তর সিঙ্গাপুর সিটি, সিঙ্গাপুর। এর প্রতিষ্ঠাতা সদস্য দেশ ১২টি এবং বর্তমান সদস্যদেশ ২১টি। এশিয়ার অর্থনৈতিক উন্নয়নের লক্ষ্যে নতুন জোটগুলোর মধ্যে ESCAP সবচেয়ে বেশি সহযোগী বিবেচনা করে APEC কে। ১৯৯৩ সালে APEC এর শীর্ষ সম্মেলনে জাপানের সরকার প্রধান অনুপস্থিত ছিল।

৩০. 'League of Arab States'-এর বর্তমান সদর দপ্তর কোথায় অবস্থিত? [১৫তম বিসিএস]

- (ক) তিউনেসিয়া (খ) কায়রো
(গ) রাবাত (ঘ) জেদ্দা

উত্তর: (খ) কায়রো।

ব্যাখ্যা: ১৯৭৮ সালে ইসায়েলের সাথে ক্যাম্প ডেভিড চুক্তির ফলে ১৯৭৯ সালে আরবলীগ থেকে মিশরকে বহিস্কার করা হয়। ফলে আরবলীগের সদর দপ্তর কায়রো থেকে স্থানান্তরিত করে তিউনেসিয়ার তিউনিশে স্থাপন করা হয়। পরবর্তীতে ১৯৮৯ সালে মিশরের সদস্যপদ ফিরিয়ে দেওয়া হলে সদর দপ্তর পুনরায় কায়রোতে স্থাপন করা হয়। বর্তমানে এর সদর দপ্তর মিশরের কায়রোতে অবস্থিত।

৩১. কোন দেশটি আরব লীগের অন্তর্ভুক্ত নয়? [১৪তম বিসিএস]

- (ক) জর্ডান (খ) লেবানন
(গ) ইরান (ঘ) বাহরাইন

উত্তর: (গ) ইরান।

ব্যাখ্যা: আরবলীগের অন্তর্ভুক্ত দেশের সংখ্যা ২২টি। দেশগুলো হলো- আলজেরিয়া, বাহরাইন, কোমোরোস, জিবুতি, মিশর, ইরাক, জর্ডান, কুয়েত, লেবানন, লিবিয়া, মৌরিতানিয়া, মরক্কো, ওমান, ফিলিস্তিন, কাতার, সৌদিআরব, সোমালিয়া, সুদান, সিরিয়া, তিউনেসিয়া, সংযুক্ত আরব আমিরাত এবং ইয়েমেন।

৩২. এশিয়ায় যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রনীতির মূল ভিত্তি কি? [১৪তম বিসিএস]

- (ক) জাপানকে সাহায্য করা
(খ) ভিয়েতনামকে দমন করা
(গ) 'আসিয়ান' জোটকে সমর্থন করা
(ঘ) দক্ষিণ কোরিয়াকে রক্ষা করা

উত্তর: (গ) 'আসিয়ান' জোটকে সমর্থন করা।

৩৩. কোন দেশটি 'আসিয়ান' (ASEAN) জোটভুক্ত নয়?

[১৩তম বিসিএস]

- (ক) সিঙ্গাপুর (খ) মালয়েশিয়া
(গ) থাইল্যান্ড (ঘ) দক্ষিণ কোরিয়া

উত্তর: (ঘ) দক্ষিণ কোরিয়া।

৩৪. এশিয়ার অর্থনৈতিক উন্নয়নের লক্ষ্যে নতুন জোটগুলোর মধ্যে কোনটিকে অ্যাস্কাপ (ESCAP) সবচেয়ে বেশি উপযোগী বিবেচনা করে? [১৩তম বিসিএস]

- (ক) APEC (খ) CREC
(গ) EAEG (ঘ) ECO

উত্তর: (ক) APEC.

৩৫. পারস্য উপসাগরের আঞ্চলিক জোটের নাম- [১২তম বিসিএস]

- (ক) ওএইউ (খ) আরব লীগ
(গ) জিসিসি (ঘ) ওএএস

উত্তর: (গ) জিসিসি।

৩৬. সার্ক-এর প্রথম শীর্ষ বৈঠক অনুষ্ঠিত হয়- [১০তম বিসিএস]

- (ক) ১৯৮৪ সালে (খ) ১৯৮৭ সালে
(গ) ১৯৮৫ সালে (ঘ) ১৯৮৬ সালে

উত্তর: (গ) ১৯৮৫ সালে।

২.৪

আন্তর্জাতিক রাজনৈতিক সংগঠন

০১. নিম্নোক্ত কোন রাষ্ট্রটি সাংহাই কোঅপারেশন অর্গানাইজেশন বা SCO এর সদস্য নয়? [৪৯তম বিসিএস (শিক্ষা)]

- (ক) আজারবাইজান (খ) ভারত
(গ) পাকিস্তান (ঘ) ইরান

উত্তর: (ক) আজারবাইজান।

ব্যাখ্যা: SCO এর প্রতিষ্ঠা ১৫ জুন, ২০০১ সালে। এর বর্তমান সদস্য ১০টি। চীন, রাশিয়া, কাজাখস্তান, কিরগিজিস্তান, তাজিকিস্তান, উজবেকিস্তান, ভারত, পাকিস্তান, ইরান এবং সর্বশেষ বেলারুশ।

০২. কমনওয়েলথ কোন ধরনের দেশ নিয়ে গঠিত?

[৪৮তম বিসিএস (স্বাস্থ্য)]

- (ক) ইংরেজ শাসন থেকে স্বাধীনতাপ্রাপ্ত দেশসমূহ
(খ) তেল উৎপাদনকারী দেশসমূহ
(গ) এশিয়া ও ইউরোপের দেশসমূহ
(ঘ) স্বল্প উন্নত দেশসমূহ

উত্তর: (ক) ইংরেজ শাসন থেকে স্বাধীনতাপ্রাপ্ত দেশসমূহ।

ব্যাখ্যা: কমনওয়েলথ প্রতিষ্ঠার প্রথম পদক্ষেপ ছিল ১৯২৬ সালের বেলফোর ঘোষণা। পরবর্তীতে আধুনিক কমনওয়েলথ প্রতিষ্ঠিত হয় ১৯৪৯ সালে (লন্ডন ঘোষণার মাধ্যমে)। ইংরেজ শাসন থেকে স্বাধীনতা প্রাপ্ত দেশসমূহ নিয়ে কমনওয়েলথ গঠিত হয়। বর্তমানে কমনওয়েলথের মোট সদস্য রাষ্ট্র ৫৬টি।



০৩. বাংলাদেশ কোনটির সদস্য নয়? [৪৩তম বিসিএস]

- (ক) BCIM-EC (খ) OAS
(গ) OIC (ঘ) BIMSTEC

উত্তর: (খ) OAS.

ব্যাখ্যা: Organization of American states (OAS) হলো উত্তর ও দক্ষিণ আমেরিকার দেশগুলো নিয়ে গঠিত একটি রাজনৈতিক সংগঠন। এর সদর দপ্তর ওয়াশিংটন ডিসিতে। এটি ১৯৪৮ সালে প্রতিষ্ঠিত হয়। এর বর্তমান সদস্য সংখ্যা ৩৪টি। বাংলাদেশ OAS এর সদস্য নয়।

০৪. OIC-এর কততম শীর্ষ সম্মেলনে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান অংশগ্রহণ করেন? [৪০তম বিসিএস]

- (ক) ২য় শীর্ষ সম্মেলন
(খ) ৫ম শীর্ষ সম্মেলন
(গ) ৪র্থ শীর্ষ সম্মেলন
(ঘ) ৭ম শীর্ষ সম্মেলন

উত্তর: (ক) ২য় শীর্ষ সম্মেলন।

ব্যাখ্যা: ১৯৬৯ সালে আল আকসা মসজিদে ইসরাইল কর্তৃক অগ্নিসংযোগের ফলে মরোক্কর রাবাততে ২৫ সেপ্টেম্বর, ১৯৬৯ সালে Organization of Islamic Conference প্রতিষ্ঠিত হয়। পরবর্তীতে ২০১১ সালে এর নামকরণ হয় Organization of Islamic Co-Operation (OIC). এটি মুসলিম দেশগুলোর একটি রাজনৈতিক জোট। এর প্রতিষ্ঠাতা সদস্য ২৫টি। এর বর্তমান সদস্য ৫৭টি। এর সদর দপ্তর জেদ্দা, সৌদি আরব। এর উদ্যোক্তা দেশ মিশর। এর অফিসিয়াল ভাষা ৩টি (আরবি, ইংরেজি, ফ্রেঞ্চ)। OIC এর প্রথম মহাসচিব টেক্কু আব্দুর রহমান। বর্তমান ১২তম মহাসচিব হুসাইন ইব্রাহিম তাহা (চাদ)। মহাসচিবের মেয়াদ ৫ বছর। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান প্রথম বাংলাদেশের পক্ষে যোগদান করে ২৩ ফেব্রুয়ারি, ১৯৭৪ (৩২তম সদস্য) সালে OIC এর ২য় শীর্ষ সম্মেলনে। উগান্ডা, ক্যামেরুন, মোজাম্বিক, গায়ানা, গ্যাবন, বেনিন, সুরিনাম মুসলিম প্রধান না হয়েও OIC এর সদস্য। ১৯৭৩ সালে OIC এর অর্থনৈতিক সংগঠন IDB প্রতিষ্ঠিত হয় এবং কার্যকর হয় ১৯৭৫ সালে।

০৫. ইসলামী সহযোগিতা সংস্থা (ওআইসি) এর দাপ্তরিক ভাষার সংখ্যা হচ্ছে- [৩৮তম বিসিএস]

- (ক) ৫ (খ) ৩
(গ) ৪ (ঘ) ২

উত্তর: (খ) ৩।

০৬. মুসলমান প্রধান না হয়েও কোন দেশটি ইসলামী সহযোগিতা সংস্থার সদস্য? [২৭তম বিসিএস]

- (ক) নাইজেরিয়া (খ) লেবানন
(গ) নাইজার (ঘ) উগান্ডা

উত্তর: (ঘ) উগান্ডা।

০৭. বাংলাদেশ কত সালে ইসলামী সম্মেলন সংস্থার সদস্যপদ লাভ করে? [২৭তম, ২২তম বিসিএস]

- (ক) ১৯৭২ সালে (খ) ১৯৭৩ সালে
(গ) ১৯৭৪ সালে (ঘ) ১৯৭৫ সালে

উত্তর: (গ) ১৯৭৪ সালে।

০৮. ওআইসি-এর বর্তমান মহাসচিব কোন দেশের নাগরিক?

[২৪তম বিসিএস]

- (ক) বাংলাদেশ (খ) তুরস্ক
(গ) মালয়েশিয়া (ঘ) মরক্কো

উত্তর: Blank.

ব্যাখ্যা: ইসলামী সংস্থার (OIC) এর বর্তমান মহাসচিব হুসাইন ইব্রাহিম তাহা। তিনি চাদের সাবেক পররাষ্ট্রমন্ত্রী।

০৯. ইসলামী সম্মেলন সংস্থার প্রধান কার্যালয় কোথায়?

[২২তম, ১০তম বিসিএস]

- (ক) তেহরান (খ) জেদ্দা
(গ) কায়রো (ঘ) রিয়াদ

উত্তর: (খ) জেদ্দা।

১০. কমনওয়েলথ সেক্রেটারিয়েটে যে অট্টালিকায় অবস্থিত তার নাম কি? [২২তম বিসিএস]

- (ক) মার্লবোরো হাউজ (খ) হোয়াইট হাউজ
(গ) বাকিংহাম প্রাসাদ (ঘ) দি চেকার্স

উত্তর: (ক) মার্লবোরো হাউজ।

ব্যাখ্যা: ব্রিটিশ উপনিবেশভুক্ত দেশ সমূহের একটি রাজনৈতিক জোট হলো Common Wealth of Nations। এটি ১৯৪৯ সালে প্রতিষ্ঠা লাভ করে। এর সদস্য সংখ্যা ৫৬টি (সর্বশেষ-টোগো)। সদর দপ্তর- মার্লবোরো হার্ডস, লন্ডন (অপর নাম পলমল)। এর দাপ্তরিক ভাষা- ইংরেজি। এর প্রধান রাজা তৃতীয় চার্লস। মোজাম্বিক, রোয়ান্ডা, গ্যাবন, টোগো এই ৪টি দেশ ব্রিটিশ উপনিবেশ না হয়েও কমনওয়েলথের সদস্যপদ লাভ করেছে। যুক্তরাষ্ট্র, জিম্বাবুয়ে, মিয়ানমার ও আরব বিশ্বের দেশসমূহ ব্রিটিশ উপনিবেশ হয়েও এর সদস্য নয়। সার্কভুক্ত দেশের মধ্যে নেপাল, ভুটান ও আফগানিস্তান Common Wealth এর সদস্য নয়। প্রতিবছর মার্চ মাসের দ্বিতীয় সোমবার কমনওয়েলথ দিবস পালিত হয়। কমনওয়েলথভুক্ত দেশগুলোর শীর্ষ কূটনীতিকদের বলা হয় হাই কমিশনার। ১৮ এপ্রিল, ১৯৭২ সালে বাংলাদেশ (৩২তম) সদস্যপদ লাভ করে। এর সর্বশেষ ২৭তম সম্মেলন অনুষ্ঠিত হয় ২১-২৬ অক্টোবর ২০২৪ সালে আপিয়া, সামোয়া। অন্যদিকে মার্কিন প্রেসিডেন্টের বাসভবন- হোয়াইট হাউজ এবং ইংল্যান্ডের রানীর বাসভবন-বাকিংহাম প্রাসাদ। ১৮ অক্টোবর, ১৯৯৯ সালে কমনওয়েলথ থেকে পাকিস্তানের সদস্যপদ স্থগিত করা হয় এবং ২২ মে, ২০০৪ সালে স্থগিতাদেশ প্রত্যাহার করা হয়।

১১. সম্প্রতি কোন দেশকে কমনওয়েলথ থেকে বহিস্কার করা হয়েছে? [২১তম বিসিএস]

- (ক) নাইজেরিয়া (খ) শ্রীলংকা
(গ) পাকিস্তান (ঘ) ভারত

উত্তর: (গ) পাকিস্তান।



১২. কমনওয়েলথের বর্তমান সদস্য সংখ্যা- [১৭তম বিসিএস]
(ক) ৪৮ (খ) ৫০
(গ) ৫২ (ঘ) ৫৬
উত্তর: (ঘ) ৫৬।

১৩. কোনটি 'ওআইসি'-এর অঙ্গসংস্থা নয়? [১৪তম বিসিএস]
(ক) আন্তর্জাতিক ইসলামী আদালত
(খ) সাধারণ সচিবালয়
(গ) ইসলামী বাণিজ্য উন্নয়ন কেন্দ্র
(ঘ) ইসলামী উন্নয়ন ব্যাংক
উত্তর: (গ) ইসলামী বাণিজ্য উন্নয়ন কেন্দ্র।

ব্যাখ্যা: ইসলামী বাণিজ্য উন্নয়ন কেন্দ্র ওআইসি এর অঙ্গসংস্থা নয়। ওআইসি-এর অঙ্গ সংগঠন ১১টি। ১. ইসলামী সম্মেলন, ২. পররাষ্ট্রমন্ত্রী কাউন্সিল, ৩. স্ট্যান্ডিং কমিটি, ৪. নির্বাহী কমিটি, ৫. আন্তর্জাতিক ইসলামী বিচার আদালত, ৬. মানবাধিকার বিষয়ক স্বাধীন স্থায়ী কমিশন, ৭. স্থায়ী প্রতিনিধি কমিটি, ৮. সাধারণ সচিবালয়, ৯. সাবসিডিয়ারি অর্গান, ১০. বিশেষায়িত ইনস্টিটিউট এবং ১১. অনুমোদিত ইনস্টিটিউট।

১৪. সাউথ কমিশনের চেয়ারম্যান- [১১তম বিসিএস]
(ক) জেনারেল সুহার্তো (খ) রবার্ট মুগাবে
(গ) জুলিয়াস নায়ারে (ঘ) ফিডেল ক্যাস্ট্রো
উত্তর: Blank.

ব্যাখ্যা: সাউথ সেন্টার হলো সাউথ কমিশনের পরিবর্তিত নাম। আফ্রিকা, এশিয়া, ল্যাটিন আমেরিকা ও ক্যারিবিয়ান অঞ্চলের উন্নয়নশীল দেশগুলির একটি আন্তঃসরকারি সংস্থা। এর প্রতিষ্ঠাতা চেয়ারম্যান জুলিয়াস নায়ারে। এটি ৩১ জুলাই, ১৯৯৫ সালে প্রতিষ্ঠিত হয়। এর সদস্য সংখ্যা ৫৫টি। এর সদর দপ্তর জেনেভা, সুইজারল্যান্ড। এর বর্তমান চেয়ারম্যান থাবো মেকি।

২.৫ আন্তর্জাতিক কৃষি, সেবা ও মানবাধিকার সংস্থা

০১. বাংলাদেশ-ICCPR এর স্বাক্ষরকারী একটি দেশ। ICCPR এর পূর্ণরূপ কী? [৪৯তম বিসিএস (শিক্ষা)]
(ক) International Conference on Civil and Political Rights.
(খ) International Conference of Civil and Political Rights.
(গ) International Covenant on Civil and Political Rights.
(ঘ) International Covenant of Civil and Political Rights.
উত্তর: (গ) International Covenant on Civil and Political Rights.
ব্যাখ্যা: ICCPR এর পূর্ণরূপ International Covenant on Civil and Political Rights. এটি জাতিসংঘ সাধারণ পরিষদ কর্তৃক ১৯৬৬ সালে গৃহীত এবং প্রয়োজনীয় সংখ্যক রাষ্ট্রপক্ষের অনুশাসনের মধ্য দিয়ে ১৯৭৬ সালে কার্যকরিতা লাভ করে।

০২. কোথায় আন্তর্জাতিক ধান গবেষণা ইনস্টিটিউট অবস্থিত? [৪৫তম বিসিএস]

(ক) টোকিও (খ) ম্যানিলা
(গ) ভারত (ঘ) নেপাল

উত্তর: (খ) ম্যানিলা।

ব্যাখ্যা: International Rice Research Institute (IRRI) বা আন্তর্জাতিক ধান গবেষণা ইনস্টিটিউট। এটি প্রতিষ্ঠিত হয় ১৯৬০ সালে। এর সদর দপ্তর ফিলিপাইনের ম্যানিলায়। এশিয়া ও আফ্রিকার ১৭টি দেশে এর কার্যক্রম পরিচালিত হয়।

০৩. ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল-এর প্রধান কার্যালয় কোথায়? [৪৩তম বিসিএস]

(ক) ফ্রান্স (খ) জার্মানি
(গ) নেদারল্যান্ড (ঘ) হাঙ্গেরি

উত্তর: (খ) জার্মানি।

ব্যাখ্যা: Transparency International (TI) হলো একটি জার্মানভিত্তিক দুর্নীতি বিরোধী বেসরকারি সংস্থা। এটি প্রতিষ্ঠিত হয় ৪ মে, ১৯৯৩ সালে। এর প্রতিষ্ঠাতা পিটার ইজেন। এর সদর দপ্তর জার্মানির বার্লিনে। এটি ১৯৯৬ সাল থেকে The Corruption Perception Index (CPI) বা দুর্নীতি সূচক প্রকাশ করে আসছে। Transparency International (TI) এর Corruption Perception Index (CPI) ২০২৪ এর রিপোর্ট অনুযায়ী-

- ✓ সবচেয়ে বেশি দুর্নীতিগ্রস্ত দেশ- দক্ষিণ সুদান।
- ✓ সবচেয়ে কম দুর্নীতিগ্রস্ত দেশ- ডেনমার্ক।
- ✓ বাংলাদেশ- উর্ধ্বক্রমে-১৫১তম এবং নিম্নক্রমে-২৩তম।

০৪. ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল কোন দেশ ভিত্তিক আন্তর্জাতিক সংস্থা? [৪১তম বিসিএস]

(ক) সুইডেন (খ) মার্কিন যুক্তরাষ্ট্র
(গ) যুক্তরাজ্য (ঘ) জার্মানি

উত্তর: (ঘ) জার্মানি।

০৫. জাতিসংঘ কোন সালে মানবাধিকার সংক্রান্ত বৈশ্বিক ঘোষণার ঐতিহাসিক নথিটি গ্রহণ করে? [৪০তম বিসিএস]

(ক) ১৯৪৮ (খ) ১৯৫৬
(গ) ১৯৪৫ (ঘ) ২০০০

উত্তর: (ক) ১৯৪৮।

ব্যাখ্যা: জাতিসংঘের মানবাধিকার বিষয়ক সর্বজনীন ঘোষণা বিশ্ব মানবাধিকারের সাধারণ নির্দেশনা হিসেবে কাজ করে। ৩০টি ধারাবিশিষ্ট মানবাধিকারের বৈশ্বিক ঘোষণার এ ঐতিহাসিক নথিটি ১০ ডিসেম্বর ১৯৪৮ জাতিসংঘের সাধারণ পরিষদে সর্ব সম্মতিক্রমে গৃহীত হয়।

০৬. নিম্নের কোন কার্যক্রমের সাথে অ্যামনেস্টি ইন্টারন্যাশনাল যুক্ত? [৩৮তম বিসিএস]

(ক) প্রাণীদের প্রতি নিষ্ঠুরতা রোধ
(খ) পরিবেশ সংরক্ষণ
(গ) মানবাধিকার সংরক্ষণ
(ঘ) ঐতিহাসিক স্থাপনা সংরক্ষণ

উত্তর: (গ) মানবাধিকার সংরক্ষণ।



ব্যাখ্যা: Amnesty International (AI) যুক্তরাজ্যভিত্তিক পৃথিবীর একটি বড় মানবাধিকার সংস্থা। এটি প্রতিষ্ঠিত হয় ১৯৬১ সালে। এর প্রতিষ্ঠাতা পিটার বেনেনসন। এর সদর দপ্তর লন্ডন (যুক্তরাজ্য)। বিশ্বব্যাপী মানবাধিকার সংরক্ষণ এবং বঞ্চিত মানুষের আইনগত সহায়তা প্রদান করাই এর উদ্দেশ্য। এ প্রতিষ্ঠানটি ১৯৭৭ সালে নোবেল পুরস্কার পায়। এর প্রথম নারী/প্রথম এশীয়/প্রথম বাংলাদেশি/প্রথম মুসলিম মহাসচিব হলেন আইরিন খান। বর্তমান মহাসচিব ড. অ্যাগনেস ক্যালামার্ড (ফ্রান্স)। ২০২০ সালে ভারত Amnesty International (AI) এর কার্যক্রম স্থগিত করে।

০৭. আন্তর্জাতিক রেড ক্রস-এর সদর দপ্তর-

[৩৬তম, ৩২তম বিসিএস]

(ক) ভিয়েনা (খ) জেনেভা
(গ) প্যারিস (ঘ) লন্ডন

উত্তর: (খ) জেনেভা।

ব্যাখ্যা: ১৮৫৯ সালের সলফেরিনো যুদ্ধের প্রেক্ষাপটে ৯ ফেব্রুয়ারি, ১৮৬৩ সালে International Committee of the Red Cross (ICRC) গঠিত হয়। ১৯১৯ সালে ICRC রূপান্তরিত হয়ে International Federation of Red Cross and Red Crescent Societies (IFRC) হয়। এটি একটি মানবসেবাবাদী প্রতিষ্ঠান এবং পৃথিবীর সবচেয়ে বড় স্বৈচ্ছাসেবী সংস্থা। এর সদরদপ্তর জেনেভা (সুইজারল্যান্ড)। এর বর্তমান সদস্য ১৯১টি। এর প্রতিষ্ঠাতা হেনরী ডুনাণ্ট (শান্তিতে নোবেল-১৯০১)। প্রতিষ্ঠানটি ৩ বার নোবেল পুরস্কার পায়। বাংলাদেশ যোগ দেয় ১৯৭৩ সালে। এর প্রতীক ৩টি। মুসলিম বিশ্বের জন্য রেডক্রিসেন্ট, খ্রিষ্টান বিশ্বের জন্য রেড ক্রস এবং ইহুদি বিশ্বের জন্য রেড ক্রিস্টাল।

০৮. অ্যামনেস্টি ইন্টারন্যাশনাল-এর সদর দপ্তর কোথায় অবস্থিত?

[৩৪তম, ২৪তম (বাতিল) বিসিএস]

(ক) লন্ডন (খ) নিউইয়র্ক
(গ) প্যারিস (ঘ) ভিয়েনা

উত্তর: (ক) লন্ডন।

০৯. কবে রেডক্রস প্রতিষ্ঠিত হয়?

[৩০তম বিসিএস]

(ক) ১৮৬৪ সালে (খ) ১৮৬৮ সালে
(গ) ১৮৬৬ সালে (ঘ) ১৮৬১ সালে

উত্তর: Blank.

ব্যাখ্যা: ১৮৬৩ সালে রেডক্রস প্রতিষ্ঠিত হয়।

১০. অক্সফাম (Oxfam) এর সদর দপ্তর কোথায়? [২৭তম বিসিএস]

(ক) নিউইয়র্ক (খ) ক্যামেনিক্স
(গ) লন্ডন (ঘ) হেগ

উত্তর: Blank.

ব্যাখ্যা: Oxfam International যুক্তরাজ্যভিত্তিক সেচ্ছাসেবী সংস্থা। যার পূর্বনাম ছিল Oxford committee Feminine Relief। এটি ১৯৪২ সালে প্রতিষ্ঠিত হয়। এর প্রতিষ্ঠাতা সেসিল জ্যাকসন কোল। এর সদর দপ্তর পূর্বে লন্ডন ছিল। ২০১৭ সালে কেনিয়ার নাইরোবিতে স্থানান্তর করা হয়।

১১. Amnesty International কত সালে নোবেল শান্তি পুরস্কার পেয়েছিল? [২৭তম বিসিএস]

(ক) ১৯৭৭ (খ) ১৯৭৮
(গ) ১৯৭৯ (ঘ) ১৯৮১

উত্তর: (ক) ১৯৭৭।

১২. TI-এর সদর দপ্তর কোথায়? [২৬তম বিসিএস]

(ক) ম্যানিলা (খ) বার্লিন
(গ) ব্যাংকক (ঘ) সিঙ্গাপুর

উত্তর: (খ) বার্লিন।

১৩. ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনালের মতে বিশ্বের সবচেয়ে বেশি দুর্নীতিগ্রস্ত দেশ কোনটি? [২২তম বিসিএস]

(ক) সুইডেন (খ) নাইজেরিয়া
(গ) বাংলাদেশ (ঘ) ভারত

উত্তর: Blank.

ব্যাখ্যা: বর্তমানে সবচেয়ে বেশি দুর্নীতিগ্রস্ত দেশ দক্ষিণ সুদান।

১৪. ১৯৯৫ সালে বেইজিং-এ অনুষ্ঠিত চতুর্থ বিশ্ব নারী সম্মেলনের মূল শ্লোগান কি ছিল? [২১তম বিসিএস]

(ক) নারীর দৃষ্টিতে বিশ্বকে দেখ
(খ) বিশ্বের নারীরা এক হও
(গ) নারীর অধিকার মানবাধিকার
(ঘ) নারী নির্যাতন বন্ধ কর

উত্তর: (ক) নারীর দৃষ্টিতে বিশ্বকে দেখ।

ব্যাখ্যা: ১৯৯৫ সালে বেইজিং-এ অবস্থিত চতুর্থ বিশ্ব নারী সম্মেলনের মূল শ্লোগান ছিল ‘নারীর দৃষ্টিতে বিশ্বকে দেখ’। জাতিসংঘ নারীদের নিয়ে চারটি বিশ্ব সম্মেলনের আয়োজন করেছে। প্রথম বিশ্ব নারী সম্মেলন অনুষ্ঠিত হয় ১৯৭৫ সালে মেক্সিকো সিটিতে।

১৫. ‘Rotary International’ কবে প্রতিষ্ঠিত হয়েছিল?

[১৬তম বিসিএস]

(ক) ১৯০৩ সালে (খ) ১৯০৫ সালে
(গ) ১৯৬১ সালে (ঘ) ১৯১২ সালে

উত্তর: (খ) ১৯০৫ সালে।

ব্যাখ্যা: Rotary International যুক্তরাষ্ট্রের ব্যবসায়ী, শিল্পপতি ও পেশাজীবীদের নিয়ে গড়ে ওঠা সেবামূলক সংগঠন। এটি প্রতিষ্ঠিত হয় ২৩ ফেব্রুয়ারি, ১৯০৫ সালে। এর প্রতিষ্ঠাতা পল পি. হ্যারিস। এর সদর দপ্তর ইলিনয়, যুক্তরাষ্ট্র। বিশ্বব্যাপী এটি রোটারি ক্লাব নামে পরিচিত।

১৬. আন্তর্জাতিক রোটারি সংস্থার প্রতিষ্ঠাতা- [১১তম বিসিএস]

(ক) W. Wilson (খ) Paul Harris
(গ) Baden Powel (ঘ) H. Wilson

উত্তর: (খ) Paul Harris.

